



নিউটাউনে গুলি করে খুন ব্যবসায়ীকে, সরব নওশাদ রূপসী বাংলা



মার্কিন নির্বাচন ২০২৪: দিশাহারা হয়ে পড়েছেন ট্রাম্প সম্পাদকীয়



বদল নয় বদলা চাই, হুমকি তৃণমূল বিধায়কের সাধারণ



বৃষ্টিতে পগু ম্যাচ, তবুও সুপার সিক্সে মহামেডান স্পোর্টিং খেলতে খেলতে

# আপনজন

APONZONE Bengali Daily

ইনসানের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

সোমবার  
২ সেপ্টেম্বর, ২০২৪  
১৭ ভাদ্র ১৪৩১  
২৭ সফর, ১৪৪৬ হিজরি  
সম্পাদক  
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 238 ■ Daily APONZONE ■ 2 September 2024 ■ Monday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com

**প্রথম নজর**

আকবরকে ‘মহান’ বলা সব বই পুড়িয়ে ফেলা হবে: রাজস্থানের শিক্ষামন্ত্রী

## ধর্ষকের ফাঁসি দিতে বিল কি ধর্ষণ মুক্ত করার জন্য যথেষ্ট?

বিশেষজ্ঞরা বলছেন, এটা কোনও চিরকালীন সমাধান নয়

আপনজন ডেস্ক: বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার এই সপ্তাহে রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশনে ধর্ষকদের মৃত্যুদণ্ডের জন্য একটি বিল উত্থাপন করতে প্রস্তুত। রাজ্য পরিচালিত আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের তরুণ চিকিৎসককে ধর্ষণ ও খুনের পর থেকে কলকাতায় সাম্প্রতিক স্মৃতিতে দেখা যায়নি, এমন প্রতিবাদে বাড়া ওঠার পর থেকেই তৃণমূল – সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় থেকে মুখ্যমন্ত্রী মমতা – সবাই ধর্ষকদের জন্য ফাঁসি দাবি করে এক সুরে কথা বলেছেন। তৃণমূলের এই ভঙ্গি রাস্তায় ক্ষোভ উগরে দিলেও বিশেষজ্ঞরা বলছেন, এটা কোনও সমাধান নয়, এই ধরনের অপরাধ কমবে না। আইনি খিঙ্ক ট্যাক্স বিধি সেন্টার ফর লিগ্যাল পলিসির গবেষণা পরিচালক অর্থাৎ সেনগুপ্ত সংবাদ সংস্থা পিটিআইকে বলেছেন, আমাদের নিজেদের প্রশ্ন করা উচিত, আমরা কী ধরনের সমাজ নির্মাণ করছি? যখন বিচারকরা জানেন যে দোষী সাব্যস্ত হওয়ার অর্থ স্বয়ংক্রিয়ভাবে মৃত্যু, তখন তারা একটি অপরিবর্তনীয় ভুলের ভয়ে আরও দ্বিধাগ্রস্ত হবেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের বিলে সব ধর্ম্য মামলাকে খুনের সমতুল্য গণ্য করার প্রস্তাব দেওয়া হয়েছে। ন্যূনতম শাস্তি হবে



যাবজ্জীবন কারাদণ্ড। মহারাষ্ট্র ও অন্ধ্রপ্রদেশ এর আগে সমস্ত ধর্ষণ ও গণধর্ষণের ঘটনায় মৃত্যুদণ্ডের বিধান রেখে বিল তৈরি করেছিল। কিন্তু রাজ্য বিধানসভায় তা পাশ হলেও তারা রাষ্ট্রপতির সম্মতি পায়নি। একই পরিণতি এড়াতেই বাংলার বিলে যাবজ্জীবন মেয়াদের বিকল্প চালু করা হয়েছে বলে জানা গিয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, ‘আমি স্পিকারকে বলব বিশেষ অধিবেশন ডাকতে এবং ১০ দিনের মধ্যে ধর্ষকদের মৃত্যুদণ্ড নিশ্চিত করতে আইন।’ গত বুধবার মমতা বলেন, আমরা বিলটি রাজ্যপালের কাছে পাঠাব। কিন্তু আমি জানি উনি (রাজ্যপাল) কিছু করবেন না। তবে তাকে স্বাক্ষর করতে হবে। না হলে রাজ্যবনের সামনে বসবেন মহিলারা। এবার তিনি তা বিবেচনার জন্য রাষ্ট্রপতির কাছে পাঠাতে পারবেন না।

আরও বলেন, যৌন অপরাধ একটি বৈশ্বিক সমস্যা এবং উন্নত দেশগুলো অনেক আগে থেকেই বুঝতে পেরেছে যে এটি মোকাবেলার জন্য পদ্ধতিগত, ক্লিনিকাল পদ্ধতি প্রয়োজন। আইন বিশেষজ্ঞরা বলছেন, বিলটির পূর্ণাঙ্গ বিবরণ এখনও জনসমক্ষে আসেনি। এ বিষয়ে সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট এবং হিউম্যান রাইটস ল নেটওয়ার্কের প্রতিষ্ঠাতা কলিন গনজালভেস বলেছেন, বিলটি পাশ হলে তা সাংবিধানিকভাবে সন্দেহজনক হবে যা মূলত অসাংবিধানিক। এটি বিবেচনার জন্য কোনও অবকাশ রাখে না। তিনি বলেন, সুপ্রিম কোর্টে আফজল গুরু ও ধনঞ্জয় চট্টোপাধ্যায়ের হয়ে সওয়াল করেন গনজালভেজ। ২০০১ সালের সংসদ হামলার জন্য গুরুকে ২০১৩ সালে ফাঁসি দেওয়া হয়েছিল এবং কলকাতায় এক স্কুলছাত্রীকে ধর্ষণ ও হত্যার জন্য ২০০৪ সালে চ্যাটার্জিকে ফাঁসি দেওয়া হয়েছিল। মৃত্যুদণ্ড ন্যায়বিচার নয়। এটা বর্বরতার কাছে সমাজের আত্মসমর্পণ। নাম প্রকাশে অনিচ্ছুক কলকাতা হাইকোর্টের এক ফৌজদারি আইনজীবী বলেন, আইনগতভাবে, এই বিলটির জন্য রাষ্ট্রপতির সম্মতির প্রয়োজন হবে, তবে এটি পাশ হলেও এটি খুব বেশি অর্থবহ হবে না।

## ৩ লক্ষ টাকার চেক, নগদ ৬০ হাজার টাকা প্রদান নিহত শ্রমিকের বাড়িতে গিয়ে চাকরির প্রতিশ্রুতি সাংসদের

সুভাষ চন্দ্র দাশ ● বাসন্তী আপনজন: প্রত্যন্ত সুন্দরবনের বাসন্তীর যুবক সাবির মল্লিক পেটের তাগিদে সুদূর হরিয়ানা রাজ্যে কাজে গিয়েছিলেন। ইচ্ছা ছিল উপার্জন করে পরিবারের মুখে দুবেলা দুমুঠো অন্ন সংস্থানের। গত ২৭শে আগস্ট পরিযায়ী শ্রমিক গোরক্ষা কমিটির হাতে নৃশংসভাবে খুন হয় বলে অভিযোগ। হরিয়ানার চখরি দাদরির বস্তিতে কাগজ কুড়ানোর ব্যবসায় লিপ্ত থাকা সাবির মল্লিককে গোমাংস রান্না করার সন্দেহে তাকে পিটিয়ে মারে গোরক্ষকরা। এই নৃশংস খুনের ফলে অকালে ঝরে গেছে একটি তরতাজা বাঙালি যুবকের প্রাণ। অন্যদিকে পরিবারের একমাত্র উপার্জনকারী এমন মর্মান্তিক মৃত্যুতে বাসন্তীর ওই যুবকের পরিবার বর্তমানে অসহায়। রবিবার দুপুরে প্রত্যন্ত বাসন্তী রকের বল্লারটোপে গ্রামে অসহায় পরিবারের পাশে হাজির হলেন বাসন্তীর বিধায়ক শ্যামল মন্ডল, বাসন্তীর বিডিও সঞ্জীব সরকার সহ রাজ্যসভার সাংসদ সামিরুল ইসলাম, মাইনোরিটি ভোকেশনাল ডিপার্টমেন্টের চেয়ারম্যান সাবির গফফার, বাসন্তী পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ রাজা গাজী, কামাল উদ্দিন লস্কর, সমাজসেবী মন্টু গাজী, শ্রীদাম মন্ডল, তাপস মন্ডল সহ অন্যান্যরা। এদিন দুপুরে মৃতের পরিবারের কাছে এই বিশেষ প্রতিনিধি দল পৌঁছায়। এদিন মৃতের পরিবারের পাশে দাঁড়িয়ে সাহায্যের হাত বাড়িয়ে



বল্লারটোপে নিহত সাবির মল্লিকের বাড়িতে সাংসদ সামিরুল ইসলাম



সাবির মল্লিকের পরিবারের সঙ্গে কথা বলছেন মাইনোরিটি ভোকেশনাল ডিপার্টমেন্টের চেয়ারম্যান সাবির গফফার

দেওয়া হয়। তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের তরফে ৩ লক্ষ টাকা ওই পরিবারের হাতে তুলে দেওয়া হয়। পাশাপাশি জেলা প্রশাসনের তরফে ৬০ হাজার টাকার অনুদান তুলে দেওয়া হয়। এছাড়াও রাজ্যসভার সাংসদ জানিয়েছেন, দরিদ্র পরিবারের জন্য যাতে একটি চাকরির ব্যবস্থা করা যায় সেই ব্যবস্থাও করা হবে। হরিয়ানা সরকারের সঙ্গে কথা বলে দোষীদের উপযুক্ত শাস্তির ব্যবস্থার সেদিকেও নজর দেওয়া হবে।

হাট ও ব্রেনের চিকিৎসা সহ সমস্ত রোগের সুচিকিৎসার ঠিকানা

**আশ শিফা হসপিটাল**

ASHSHEEFA HOSPITAL

সহরার হাট ■ ফলতা ■ দক্ষিণ ২৪ পরগনা

প্রান্তিক জেলায় স্বল্পমূল্যে ICCU এবং ১০০ বেডের ক্যাথল্যাবযুক্ত মাল্টিস্পেশালিটি হসপিটাল

**GNM** (3 Years) কোর্সে সরাসরি ভর্তি চলছে ওয়েস্ট বেঙ্গল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অনুমোদিত HS পাস ছেলে ও মেয়েদের জন্য নার্সিং এর অ্যাডমিশন শুরু হয়ে গেছে



অ্যাঞ্জিওগ্রাম

অ্যাঞ্জিওপ্লাস্টি বেলুন সার্জারী পেশমেকার

ডিরেক্টর  
ডা. মো. ফারুকউদ্দিন পুরকাইত  
MBBS, MD, Dip. Card

9123721642/9836001515

স্বাস্থ্যসাথী কার্ড গ্রহণযোগ্য



**প্রথম নজর**

**পুলিশ দিবসে হেলমেট বিলি জলঙ্গিতে**



সজিবুল ইসলাম ● ডোমকল

**আপনজন:** পুলিশ দিবস উপলক্ষে হেলমেট বিতরণ ও সেড ড্রাইফ সেড লাইফ কর্মসূচি পালন করলো জলঙ্গী থানার ভারপ্রাপ্ত আধিকারিক কৌশিক পাল। রবিবার বিকেলে জলঙ্গী থানার ভাদুড়িয়াপাড়া বাজারে এলাকার সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে পথযাত্রা করেন ওসি কৌশিক পাল সহ পুলিশ বাহিনী। এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী মোঃ আরিফ বিল্লাহ সহ এলাকার বিশিষ্ট জনেরা। পথযাত্রা শেষে বিনা হেলমেটে বাইক চালকদের হেলমেট উপহার দেওয়ার পাশাপাশি বিনা হেলমেটে যেনো বাইক না চালায় সেই বার্তা এদিন দেন। বাজারের সাধারণ মানুষের ধন্যবাদ জানান এত সুন্দর কর্মসূচিতে সহযোগিতা করার জন্য। এদিনের কর্মসূচি শেষে বিশিষ্ট সমাজসেবী মোঃ আরিফ বিল্লাহ বলেন, সময়ের থেকে জীবনের মূল্য বেশি তাই হেলমেট পরে বাইক চালান, পাশাপাশি পুলিশের এহনও উদ্যোগকে সাধুবাদ জানিয়ে বলেন সব সময় পুলিশ যোগ্যভাবে সাধারণ মানুষের সেবা দিয়ে আসছেন তাতে করে তাদের যত বেশি ধন্যবাদ জানায় সেটা কম হবে।

**হরিহরপাড়া ব্লক জমিয়তের কমিটি গঠন**



জাকির সেখ ● মুর্শিদাবাদ

**আপনজন:** রবিবার মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া ব্লকের কোদালতলায় সাংগঠনিক নির্বাচনের মাধ্যমে ব্লক জমিয়তে উলামার কমিটি গঠন করা হলো। সভায় বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা জমিয়তে উলামার সাধারণ সম্পাদক মুফতি নাজমুল হক সাহেব, মাওলানা মোজাফফর খাঁন। ২০২৪-২৫ টার্মে ব্লকে সদস্য সংগ্রহ করা হয় এক লক্ষ আঠারো হাজার একশত। সভায় সর্বসম্মতিক্রমে ব্লক জমিয়তে উলামার সভাপতি নির্বাচিত হয় মাওলানা আব্দুল আলিম, সাধারণ সম্পাদক মুফতি ইসরাইল সাহেব, সহ সম্পাদক হাফেজ সাইমুদ্দিন ও হাফেজ নজরুল ইসলাম। এছাড়াও ব্লক কমিটির বিভিন্ন পদে আরও অনেকেই নির্বাচিত হয়। সভায় মুফতি নাজমুল হক সাহেব সকল সদস্য ও কর্মীদের উদ্দেশ্যে গঠনমূলক আলোচনা করেন এবং সকলকেই ঐক্যবদ্ধ ভাবে দেশ ও জাতির স্বার্থে কাজ করার অঙ্গীকার করান।

**পুরুলুড়া ব্লক তৃণমূলের ধর্না ও মিছিল**



নিজস্ব প্রতিবেদক ● হুগলি

**আপনজন:** হুগলি জেলার পুরুলুড়া ব্লক তৃণমূল কংগ্রেসের উদ্যোগে আর জি কর মহিলা ডাক্তারের ধর্না ও খুনিদের ফাঁসি চাই। এই উপলক্ষে প্রতিবাদ মিছিল ও ধর্না অনুষ্ঠিত হয়। নেতৃত্বে ছিলেন ব্লক সভাপতি যশবন্ত ঘোষ। এছাড়াও উপস্থিত ছিলেন হুগলি জেলা পরিষদের প্রাক্তন সভাপতি আলহাজ্ব শেখ মেহবুব রহমান সহ অন্যান্য শাখা সংগঠনিক তৃণমূল কংগ্রেসের নেতৃত্ব ও কর্মীবৃন্দ।

**ধর্ষণে দোষীদের ফাঁসি চাই দাবি করে কুলি চৌরাস্তায় মিছিল**



সাবের আলি ● বড়গড়া

**আপনজন:** আর জি কর কাও নিয়ে যখন গোটা রাজনীতি তোলপাড়, বিভিন্ন রাজনৈতিক দল রাস্তায় নামছে মহিলা ডাক্তারের নৃশংস হত্যা ও ধর্ষণের কাণ্ডের প্রতিবাদে। রবিবার তৃণমূল কংগ্রেস মহিলারা মিছিল করলেন আরজি কর কাণ্ডের ঘটনা নিয়ে। মিছিলে পা মেলায় তৃণমূল উত্তরের ব্লক সভাপতি গোলাম মুর্শিদ জজ, বড়গড়া (উঃ) মহিলা নেত্রী ফেলি বেগম, ও ব্লক নেত্রী টলি বেগম। দাবি একটাই আরজি কর কাণ্ডে দোষীদের ফাঁসি। ইতিমধ্যেই আরজি কর ঘটে যাওয়া নৃশংস ঘটনার তদন্তভার দেওয়া হয়েছে সিবিআইকে কিন্তু এখনো পর্যন্ত সিবিআই কোন সন্দুভর দিতে পারেনি তারই প্রতিবাদে রাস্তায় তৃণমূল কংগ্রেস। এবার মহিলা সংগঠনের তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে জানানো হচ্ছে সিবিআই ধিকার। তাদের দাবি আরজি কর কাণ্ডে দোষীদের অবিলম্বে গ্রেফতার করতে হবে এবং তাদের সর্বোচ্চ শাস্তি (ফাঁসি) দিতে হবে। পাশাপাশি তৃণমূল কংগ্রেস কর্মীদের অভিযোগ বিভিন্ন রাজনৈতিক আর জি কর ইস্যুকে কাজে লাগিয়ে রাজনৈতিক ফায়াদা তোলার চেষ্টা করছে তাদের কেউ ধিকার জানান তারা। দোষীদের ফাঁসি দাবিকে সামনে রেখে মুর্শিদাবাদ জেলার বড়গড়া ব্লকের সহ বিভিন্ন জায়গায় তৃণমূল কংগ্রেসের মহিলা সংগঠনের মিছিল বের হয়। যেখানে হাজার হাজার তৃণমূল কর্মী সমর্থ মিছিলে পা মেলায়।


**বন্ধ প্রত্যাহার করলেন আদিবাসী যৌথ মঞ্চ**



অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট

**আপনজন:** বন্ধ প্রত্যাহার করে নিল আদিবাসী যৌথ মঞ্চ। বোর্ডের পরীক্ষা থাকার কারণে আগামীকালের বন্ধ প্রত্যাহার করা হয়েছে বলেই সংগঠনের তরফে দাবি করা হয়েছে। তবে যে দাবিগুলির কারণে বন্ধ ডাকা হয়েছিল সেগুলির সমাধান না হলে আগামীতে পুনরায় বন্ধ ডাকা হতে পারে বলেও জানানো হয়েছে। উল্লেখ্য, এক পঞ্চম শ্রেণিতে পাঠরত আদিবাসী ছাত্রীকে ধর্ষণ করে খুনের চেষ্টার অভিযোগ ওঠে দক্ষিণ দিনাজপুর জেলার বংশাহারী ব্লকের গাংগুরিয়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বিহার ডাঙ্গা এলাকায়। ঘটনায় প্রতিক্রিয়া এবং দোষীর দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে সোমবার দক্ষিণ দিনাজপুর জেলা জুড়ে বন্ধ এর ডাক দেয়া হয়েছিল আদিবাসী সংগঠনের তরফে। তবে সোমবার বোর্ডের পরীক্ষার কথা মাথায় রেখে সেই বন্ধ প্রত্যাহার করে নেয়া হয়েছে সংগঠনের তরফে। এদিন বালুরঘাটে জেলা পুলিশ সুপারের দপ্তরে এ বিষয়ে বৈঠক করায় আদিবাসী সংগঠনের তরফে। এ বিষয়ে সংগঠনের তরফে অরুণ কুমার হোসনা জানান, 'আগামীকাল বোর্ডের পরীক্ষা রয়েছে। পাশাপাশি আমরা যে সমস্ত দাবিগুলো রেখেছি সেগুলো একটি নির্দিষ্ট প্রক্রিয়ার মধ্যে রয়েছে। এর জন্য কিছু সময় দেয়া হয়েছে। সেই কারণে আমরা বন্ধ প্রত্যাহার করে নিচ্ছি। তবে নির্ধারিত সময়ের পরেও যদি সেগুলো বাস্তবায়িত না হয় তাহলে পরবর্তীতে আমরা বন্ধ এর বিষয়ে ভাবনা চিন্তা করব।'

**শ্বশুরবাড়িতে আশুনা লাগানোয় পুড়ে মৃত্যু জামাই সহ চার জনের**



রাজু আনসারী ● অরদাবাদ

**আপনজন:** মুর্শিদাবাদের সাগরদিঘীর বাহালনগরে শ্বশুরবাড়িতে আশুনা লাগিয়ে দেওয়ার ঘটনায় পুড়ে মৃত্যু হল অভিযুক্ত জামাই, এক শিশু সহ চার জনের। শ্বশুরবার রাতের ঘটনায় ক্রমেই বেড়েই চলেছে মূরের সংখ্যা। পুলিশ সূত্রে জানা গিয়েছে মৃতরা হলেন কোবরা বিবি(৬২), তারহারা বিবি(২৮), রমজান সেখ(৪০) এবং তৌসিক সেখ(৪)। তারহারা মধ্য জামাই রমজান সেখের বাড়ি সাগরদিঘী থানার করাইয়া গ্রামে। বাকিদের বাড়ি বাহালনগরে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, দীর্ঘদিন আগেই করাইয়া গ্রামের রমজান সেখের সঙ্গে বিয়ে হয়েছিল বাহালনগর গ্রামের মেয়ের। কিন্তু বছর দুয়েক আগেই মৃত্যু হয় স্ত্রীর। তারপর থেকেই ম্যালারিয়ার স্ত্রীর সঙ্গে সখ্যতা গড়ে উঠে রমজান সেখের। বেশ কিছুদিন থেকে পারিবারিক সমস্যাকে কেন্দ্র করে শ্বশুর বাড়ির সঙ্গে বিরোধ সৃষ্টি হয়। শ্বশুরবার সন্ধ্যার পর রমজান সেখ শ্বশুর বাড়ি গেলে পারিবারিক বিষয়কে কেন্দ্র করে বচসা শুরু হয়। হাতাহাতি মারপিট হতে না হতেই হঠাৎ জামাই রমজান সেখ পেটের ব্যথা অনুভব করে। রমজান সেখ সহ ৬ থেকে ৮ জন পুড়ে দগ্ন হয়ে যায়। জরুরী ভিত্তিতে তাদের উদ্ধার করে সাগরদিঘী হাসপাতালে নিয়ে যাওয়া হলো এবং প্রাণ হারায় তৌসিক সেখ নামে ছোট শিশু। ক্রমশ অবস্থার অবনতি হওয়ায় সকলকেই মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার করা হয়। শ্বশুরবার রাতেই সেখানে আরো তিনজনের মৃত্যু হয়। মারা যান অভিযুক্ত জামাই রমজান সেখ।

**রাতে নিউটাউনে গুলি করে খুন ব্যবসায়ীকে, সরব নওশাদ**



বাইজিদ মণ্ডল ● পোলেরহাট

**আপনজন:** শনিবার গভীর রাতে নিউটাউনে গুলিবর্ষণ হয়ে খুন হলেন নাসিরউদ্দিন মণ্ডল। হয়েছে। তার বাড়ি ভাঙড়ের পোলেরহাট থানার অন্তর্গত টোনাউড়িয়া পাড়ায়। পুলিশ সূত্র জানিয়েছে, শনিবার রাতে নিউটাউনে ইকো পার্কের সামনে সামনে দিয়ে হেঁটে যাচ্ছিলেন নাসিরউদ্দিন। সেই সময় বাইকে করে এসে দুজন দুকৃতী ওই যুবককে লক্ষ্য করে গুলি চালায়। গুলির শব্দ শুনে স্থানীয়রাই ছুটে আসেন ঘটনাস্থলে। লোকজনের ভিড় দেখে চম্পট দেয় আতঙ্কিতরা। এরপর আহত যুবককে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন স্থানীয়রাই। সেখানেই তার মৃত্যু হয়। পুলিশ তদন্তে নেমে দুজন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করে জেরায় বেশ কিছু অসংগতি পায়। সেই কারণে কাজী রফিকুল ইসলাম নামে তার বিজনেস পার্টনারকে গ্রেফতার করে ইকোপার্ক থানার পুলিশ। খবর পেয়ে রবিবার ভাইসেজ বানসিদা নিহত নাসির উদ্দিন মণ্ডলের পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করতে যান আইএসএফ চেয়ারম্যান তথা ভাঙড়ের বিধায়ক নওশাদ সিদ্দিকী। তিনি অভিযোগ করেন, জানান সাধারণ মানুষের ন্যূনতম নিরাপত্তাটুকুও অবহেলিত। এই খুনের ঘটনা থেকে প্রমাণিত হচ্ছে যে এই রাজ্যের আইন শৃঙ্খলার পরিস্থিতি একেবারেই ভেঙে পড়েছে। আইএসএফ চেয়ারম্যান ও স্থানীয় বিধায়ক নওশাদ সিদ্দিকী মৃতের পরিবারের সাথে দেখা করে তাঁদের পাশে থাকার আশ্বাস দিয়ে আসেন। পুলিশ ইতিমধ্যে এই খুনের সঙ্গে জড়িত সন্দেহে তিনজনকে চিহ্নিত করেছে বলে তিনি জানান। এছাড়াও প্রয়োজনে

**আরজি কর কাণ্ডে ধর্ষণের ফাঁসি ও কেন্দ্রের নয়া আইনের দাবিতে মিছিল**



নিজস্ব প্রতিবেদক ● স্বরূপনগর

**আপনজন:** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে সারা রাজ্যজুড়ে শুক্তি, শনি ও রবিবার তৃণমূল কংগ্রেসের নেতৃত্বে কর্মী সমর্থকরা অবস্থান বিক্ষোভ এবং প্রতিবাদ মিছিলে সামিল হন। রবিবার আরজি করের নৃশংস ঘটনার ক্রুত বিচার এবং অপরাধীকে সর্বোচ্চ শাস্তির (ফাঁসি) দাবিতে উত্তর ২৪ পরগনার বসিরহাটের কেজুড়ি স্কুল মাঠ থেকে কেজুড়ি দক্ষিণপাড়া স্কুল মাঠ পর্যন্ত মহিলা তৃণমূল কংগ্রেসের উদ্যোগে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলে নেতৃত্ব দেন স্বরূপনগরের বিধায়ক বীনা মন্ডল, উপস্থিত ছিলেন বনগাঁ সাংগঠনিক জেলা সংখ্যালঘু তৃণমূল কংগ্রেসের সভাপতি ইমরান হোসেন, জেলা সহ-সভাপতি রমেন সর্দার, পঞ্চায়েত সমিতির সভাপতি অনুসূয়া মন্ডল সহ অন্যান্যরা। উভয় মিছিল থেকে উপস্থিত তৃণমূল নেতৃত্ব কর্মী সমর্থকরা মমতা বন্দ্যোপাধ্যায়ের সুরে সুর মিলিয়ে ধর্ষণ এবং ধর্ষণ করে খুনের ঘটনা সংক্রান্ত কেন্দ্রীয় আইন পরিবর্তনের দাবিতে এবং বিজেপির বাংলা বিরোধী চক্রান্তের প্রতিবাদে সরব হন। মিছিল থেকে বিজেপি সরকার, কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই-এর বিরুদ্ধে স্লোগান দিতে দেখা যায়। 'ধর্ষণের ফাঁসি চাই, উই ওয়ান্ট জাস্টিস' ইত্যাদি প্রার্থনা গলায় ঝুলিয়ে অনেককেই মিছিলে হাঁটতে দেখা যায়। স্বরূপনগরের বিধায়ক বীনা মন্ডলের ব্যবস্থাপনায় দুই প্রতিবাদ মিছিলে উপস্থিত ছিলেন কয়েকশ তৃণমূলের কর্মী-সমর্থক। মিছিলে মহিলাদের যথেষ্ট উপস্থিতি ছিল।

**নাবালিকা রোগীর শ্রীলতাহানি, উত্তপ্ত হাওড়া**



নিজস্ব প্রতিবেদক ● হাওড়া

**আপনজন:** নাবালিকা রোগীর শ্রীলতাহানির ঘটনায় হাওড়া জেলা হাসপাতালের সুপারের পদত্যাগের দাবিতে এবার সুপারকে ঘিরেই তুমুল বিক্ষোভ। বিক্ষোভ দেখাচ্ছেন বাম যুব কর্মীরা। তাদের দাবি এই ঘটনায় সুপারকে অপসারণ করতে হবে। সুপার ডা: নারায়ণ চট্টোপাধ্যায়কে ঘিরে বিক্ষোভ চলছে। এর জেরে তীব্র উত্তেজনা হাসপাতাল চত্বরে। উল্লেখ্য, হাওড়া জেলা হাসপাতালে নাবালিকা রোগীর শ্রীলতাহানির ঘটনায় রবিবার সকালে হাসপাতালের ইমারজেন্সি গেটের বাইরে বিক্ষোভ দেখায় বাম যুব সংগঠন ডিওয়াইএফআই। বাম নেতা বিশিষ্ট আইনজীবী সবােসাচী চট্টোপাধ্যায় এদিন উপস্থিত ছিলেন বিক্ষোভ কর্মসূচিতে। তাদের অভিযোগ, হাওড়া জেলা হাসপাতালে ১৩ বছরের নাবালিকার সাথে যৌন করার সময় তার সঙ্গে যৌন নির্বাহন করা হয়েছে। অভিযুক্তকে আটক করা হয়েছে কিন্তু সরকারি হাসপাতালে আবার এই ধরনের ঘটনায় সরকারি হাসপাতালে নিরাপত্তা কোথায়?

**চুরি যাওয়া ৫৪টি ফোন ফেরান পুলিশ**



চন্দনা বন্দ্যোপাধ্যায় ● বারুইপুর

**আপনজন:** আর জি কর কাণ্ডের পরে পুলিশ কে নিয়ে নানা ধরনের কথার মাঝেই রবিবার পুলিশ দিবসে বারুইপুর পুলিশ জেলার অধীনে বারুইপুর সাইবার ক্রাইম থানা বারুইপুর পুলিশ জেলার অধীনে থানা এলাকা থেকে হারিয়ে যাওয়া ও চুরি যাওয়া মোবাইল ফোন গুলো তাদের প্রকৃত মালিকদের হাতে ফিরিয়ে দিয়ে মানুষের পাশে থাকার বার্তা দিলেন। এদিন মোট ৫৪টি মোবাইল ফোন তুলে দেওয়া হয়। এদিন এই উপলক্ষে একটি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বারুইপুর পুলিশ জেলার পুলিশ সুপার পলাশ চন্দ্র ঢালী, অতিরিক্ত পুলিশ সুপার সহ একাধিক উচ্চ পদস্থ পুলিশ আধিকারিকবৃন্দ। উজার হওয়া ফোনের প্রাপকরা এ দিন পুলিশের ক্রুত পদক্ষেপে এবং জনশেখর এই কাজের কৃতজ্ঞতা প্রকাশ করেন।

**কারখানা শুরুর উল্লাসের মাঝে জমি হারিয়ে চাকরি না মেলার যন্ত্রণা**



সঞ্জীব মল্লিক ● বাঁকড়া

**আপনজন:** জমি দিলে নির্মাণ হবে কারখানা, আর সেই কারখানায় নানান কর্মক্ষেত্রে প্রথম অগ্রাধিকার পাবে জমিদারতারা। কিন্তু সেই প্রতিশ্রুতি বাস্তবে মিলল কোথায়? শনিবার বিকেলে ঘোটা করে উদ্বোধন করা হল মেজিয়ার কালিদাসপুর সংলগ্ন একটি ইথানল কারখানার। বছর চারেক আগে কারখানা নির্মাণের জন্য জমি অধিগ্রহণ শুরু করে বেসরকারি এক সংস্থা। অভিযোগ জমি হারিয়ে চাকরি নিয়েগে প্রতিক্রিয়াবদ্ধও হয় তারা। কিন্তু কারখানা উদ্বোধনের পরেও সেই প্রতিক্রিয়া আজ কোথাই প্রথম তুলছেন খোদ জমিদারতারা। জমি হারিয়ে দাবি তিন বছরে দিলে প্রতিক্রিয়ার পর প্রতিক্রিয়া, সেই প্রতিক্রিয়া আজও বাস্তবে রূপ নেয়নি। ফলস্বরূপ নিজেদের কৃষি জমি হারিয়ে আজ অসহায় একাধিক পরিবার। অন্যদিকে কারখানা কর্তৃপক্ষ অবশ্য দাবি করছেন জমি হারানোর চাকুরী না দিয়ে কারখানা চালু করবেন না তারা। কারখানা কর্তৃপক্ষের এই দাবি যদি সত্যি তাহলে জমিদারতাদের চাকরি না দিয়ে উদ্বোধনে কেন এত ছড়োছড়ি? উদ্বোধনের আগেই বা কেন কারখানা নির্মাণের চাকুরী নিয়োগের শ্বেতপত্র প্রকাশ করল না কারখানা কর্তৃপক্ষ প্রশ্ন জমিহারা দের। প্রদীপের তল থাকে চিরকালই অন্ধকার, আর সেই অন্ধকারে সঁড়িয়ে থেকে শুধুমাত্র দূর থেকে নবনির্মিত এই কারখানার চিমনির ধোঁয়া দেখবে না তো জমিহারাচার্যরা না কি? জমিহারাচার্যরা সন্তোষেই বা কেন প্রতিক্রিয়ার আশা নিয়ে শুধুমাত্র অপেক্ষা আর অপেক্ষা সেটা কিন্তু অবশ্য বলবে সময়ই।

**'নৈতিকতা' প্রচারাভিযান শুরু করল জামায়াত**



আপনজন ডেস্ক: রবিবার

কলকাতার ভারতীয় ভাষা পরিষদ হলে আনুষ্ঠানিক ভাবে সূচনা হল জামায়াতে ইসলামী হিন্দের 'নৈতিকতা' প্রচার অভিযানের। জামায়াতে ইসলামী হিন্দের কেন্দ্রীয় সম্পাদিকা মুহতারামা রহমাতুল্লাহর উপস্থিতিতে একটি মনোজ্ঞ আলোচনা সভার মাধ্যমে এই প্রচার অভিযানের সূচনা হয়েছে। আলোচনায় প্রধান অতিথি হিসেবে ভাষণ প্রদান করেন রহমাতুল্লাহ। স্বাগত ভাষণ প্রদান করেন রাজ্য মহিলা সম্পাদিকা মনজুরা খাতুন, সভাপতি বক্তব্য প্রদান করেন আমীর চাই সিবিআই ঘটনায় জড়িত প্রকৃত দোষের দোষী সাব্যস্ত করে তার ক্রুত বিচার করুক।

**ছড়িয়ে-ছিটিয়ে**

**জামাআতের হুগলি শাখার সংবাদ বৈঠক**



সেখ আব্দুল আজিম ● চট্টীতলা

**আপনজন:** জামাআতে ইসলামী হিন্দের নবাবপুর-ভগবতীপুর শাখার উদ্যোগে নবাবপুর-ভগবতীপুর শাখার আফসে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। নৈতিকতা ই স্বাধীনতার ভিত্তি এই শিরোনামে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। উপস্থিত জামাআতে ইসলামী হিন্দের হুগলি জেলার সভাপতি সৈয়দ সাইফুল্লাহ, নবাবপুর-ভগবতীপুর শাখার সভাপতি আব্দুল আজিজ মল্লিক, ভগবতীপুর আব্দুল আজিজ মল্লিক, ভগবতীপুর শাখার দায়িত্বশীলা জনাবা রাবেয়া বেগম, নবাবপুর শাখার দায়িত্বশীলা রেজওয়ানা বেগম, জি আই ও প্রতিনিধি মালেকা খাতুন, এ পি সির প্রতিনিধি আসিক ইকবাল প্রমুখ।

**বিশিষ্ট চিকিৎসক ডাঃ সুরাইয়া রহমান, অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের সদস্য**



বিশিষ্ট চিকিৎসক ডাঃ সুরাইয়া

রহমান, অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের সদস্য যথাক্রমে উজমা আলম, ডা: নীলাম গাজলা, শুবুই আজিজ প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন রাজ্য সাধারণ সম্পাদক মোঃ মসিউর রহমান। এছাড়াও আনন্দের উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জামাআতে ইসলামী হিন্দের রাজ্য সম্পাদক শাদাব মাসুম, কলকাতা মেট্রো সিটির নাজিম জুলফিকার আলী গাজী, মেট্রিটিটির নাজিম মাহফুজা খাতুন, কলকাতা জেলার সহকারী নাজিম অধ্যাপক ড: জাফির আহমেদ প্রমুখ। আমীর চাই সিবিআই ঘটনায় জড়িত প্রকৃত দোষের দোষী সাব্যস্ত করে তার ক্রুত বিচার করুক।







# আপনজন

ইনসার্ফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ২৩৮ সংখ্যা, ১৭ ভাদ্র ১৪৩১, ২৭ সফর, ১৪৪৬ হিজরি



## জনগণের জন্য মঙ্গল

আমেরিকান সমাজবিজ্ঞানী তথা দার্শনিক ইয়োশিহিরো ফ্রান্সিস ফুকুইয়ামা তাহার প্রভাবশালী গ্রন্থ ‘অরিজিনস অব পলিটিক্যাল অর্ডার’-এ বলিয়াছেন, রাজনৈতিক উন্নয়ন হইল তিনটি দিকের মধ্যে স্থিতিশীল ভারসাম্য। এই তিনটি দিক হইল—রাষ্ট্রনির্মাণ (স্টেট বিল্ডিং), আইনের শাসনের সুসংহতকরণ (কনসলিডেশন অব রুল অব ল) এবং গণতন্ত্রের উত্তরণ (ডেমোক্রেটিক ট্রানজিশন)। আমরা এই ক্ষেত্রে ‘গণতন্ত্রের উত্তরণের’ দিকটি একটু বুঝিয়া দেখিতে চেষ্টা করি। গণতন্ত্র সূচক তৈরি করে, এমন বৈশ্বিক প্রতিষ্ঠানগুলির তথা-উপাত্ত বলিতেছে, নানা ধরনের আক্রমণের মুখে বিশ্ব জুড়ে গণতান্ত্রিক মূল্যবোধ ও প্রতিষ্ঠানগুলি সংকটের মুখে পড়িতেছে। বিপরীতে দেশে দেশে নতুন ধরনের স্বৈরতান্ত্রিক শাসনব্যবস্থা শক্তিশালী হইয়া উঠিতেছে। এমন পরিস্থিতিকে গবেষক ও রাষ্ট্রবিজ্ঞানীরা ‘পরিমার্জিত স্বৈরতন্ত্র’, ‘বেসামরিক স্বৈরতন্ত্র’, ‘ব্যক্তিকেন্দ্রিক স্বৈরতন্ত্র’, ‘নিয়ন্ত্রিত ও পরিমার্জিত গণতন্ত্র’ ইত্যাদি নানা নামে আখ্যায়িত করিয়াছেন। তবে যেই নামেই আখ্যায়িত করা হউক না কেন, ইহাই বাস্তবতা যে, গণতান্ত্রিক মন্দাদশা দিনদিন বাড়িতেছে। ইহার বিপরীতে কণ্ঠস্বর শাসনব্যবস্থার প্রসার ঘটতেছে। বিশেষ করিয়া, তৃতীয় বিশ্বের দেশগুলিতে। বিশ্বব্যাপী দেশগুলির গণতন্ত্রের সূচক মূল্যায়নের ক্ষেত্রে পাঁচটি বিষয় বিবেচনা করা হইয়া থাকে। সেইগুলি হইতেছে—নির্বাচনি প্রক্রিয়া ও বহুত্ববাদ, সরকারের কার্যকারিতা, রাজনৈতিক অংশগ্রহণ, রাজনৈতিক স্বাধীনতা এবং নাগরিক স্বাধীনতা। পৃথিবীতে যেই সকল দেশে গণতন্ত্রের অবনমন ঘটতেছে সেই সকল দেশে এই পাঁচটি বিষয়ের ওপর ক্ষমতাসীনদের আধিপত্য বিস্তার করিতে দেখা যায়। এমনকি অনেক পুরাতন শক্তিশালী গণতন্ত্রের দেশও দেখা যাইতেছে বহুত্ববাদ ও ধর্মনিরপেক্ষতার জলাঞ্জলি। অনেক পুরাতন গণতন্ত্রও যেন গণতন্ত্রের পথ হইতে সরিবার মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটা হইতেছে।

দেখা যাইতেছে যে, কোনো কোনো ক্ষেত্রে এই সমস্ত দেশ প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, এমনকি ক্ষেত্রবিশেষে বিচার বিভাগ ক্ষমতাসীন দলের পক্ষ লইয়া দলীয় কর্মীর মতো ভূমিকা পালন করে বলিয়া বিস্তার অভিযোগ পত্রপত্রিকায় প্রকাশ পাইতেছে। অর্থাৎ যাহা দলীয় ক্ষমতায় করা সম্ভব নহে, তাহা প্রশাসনের মাধ্যমে করিয়া লওয়া হইতেছে। বস্তুত, ক্ষমতাকে চিরস্থায়ী করিবার আকাঙ্ক্ষায় আইন ও নিয়মনীতি এবং জনহিতৈষীকে বিসর্জন দিয়া রাষ্ট্রবিশ্বের বিভিন্ন অংশকে কাজে লাগাইয়া যাহা করা হইতেছে, তাহা গণতান্ত্রিক বিশ্বের জন্য, বিশেষ করিয়া তৃতীয় বিশ্বের গণতন্ত্রের জন্য অশানিসংকেত বহন করিতেছে। কারণ ইহার ফল ভোগ করিতে হইবে সকলকে। কারণ, প্রকৃতির অমোঘ নিয়ম অনুযায়ী ক্ষমতা কখনো চিরস্থায়ী করা যায় না এবং যিনি এখা যাহারা ক্ষমতাসীন, তাহাদের সকলকেই একদিন বিধাতার নিয়মে এই ধরণি হইতে চির বিদায় লইতে হইবে। প্রখ্যাত চিত্রপরিচালক জর্জের রায়হান তাহার ‘জীবন থেকে নেওয়া’ চলচ্চিত্রে একটি গান ব্যবহার করিয়াছিলেন—‘এ খাঁচা ভাঙব আমি কখন করে’। তৃতীয় বিশ্বের জনগণ যেই ‘খাঁচা’য় বন্দি হইয়া যাইতেছে—তাহা যেন সহজে এবং সহসা ভাঙা সম্ভব নহে বলিয়াই প্রতীয়মান হইতেছে; কিন্তু এই সকল দেশে ক্ষমতাসীনেরা শেষ রক্ষা করিতে পারেন না। অর্থাৎ গণতন্ত্রের পণ্ডিতরা মনে করেন, একটি শক্তিশালী অর্থনীতির দেশের পাশে যদি একটি দুর্বল অর্থনীতির দেশ থাকে, তাহা হইলে সেই দেশটি সবল অর্থনীতিসম্পন্ন প্রতিবেশী দেশটির প্রভাবে ক্রমশ দৈন্য-অর্থনীতির কালোছায়া হইতে মুক্ত হয়। ইহা কেবল অর্থনীতির ক্ষেত্রেই নহে—গণতন্ত্র, সহিষ্ণুতা, সংবেদনশীলতা ও সংস্কৃতির ক্ষেত্রেও প্রযোজ্য। অর্থাৎ বহু প্রতিপত্তিশালী প্রতিবেশীর প্রভাব পড়ে ছোট দেশটির উপর। বাংলায় প্রবাদ রহিয়াছে যে, প্রতিবেশীর ঘরে আঙন লাগিলে তাহার উতাপ নিজেদের ঘরেও চলিয়া আসে। সুতরাং, বহুত্ব ও প্রভাবশালী প্রতিবেশীর ভালো বা খারাপ—যে কোনো বিষয়াদির প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব পড়ে ছোট প্রতিবেশীর উপর। ইহা ঠিক যে, এই অংশ হইতে মুক্তি পাইতে তৃতীয় বিশ্বের দেশগুলিতে একসময় হইবে।

অধুনানীয়া আন্দোলন হইবে; কিন্তু শক্তি আসিবে কি? দুঃখজনকভাবে, এই ধরনের বিপ্লব ও আন্দোলনে যেই লোকক্ষয়, রক্তক্ষয়, সম্পদক্ষয় হইবে—তাহার তো কোনো প্রয়োজন ছিল না। প্রকৃতির অমোঘ নিয়ম এবং অনভিপ্রেত লোকক্ষয়ের এই সাহসতা ক্ষমতাসীনেরা যত দ্রুত অনুধাবন করিতে পারিবেন—ততই তৃতীয় বিশ্বের জনগণের জন্য মঙ্গল।

সাবেক মার্কিন প্রেসিডেন্ট ফ্রান্সলিন ডি রুজভেল্টকে একটা চিঠি লিখেছিলেন আলবার্ট আইনস্টাইন। সালটা ছিল ১৯৩৯। সে বছরের অগাস্ট মাসে লেখা তার সেই চিঠির ‘পরিণাম স্বরূপ’ দেখা গিয়েছিল ‘ম্যানহাটন প্রজেক্ট’ যা ইতিহাসের সবচেয়ে তাৎপর্যপূর্ণ কিন্তু ধ্বংসাত্মক উদ্ভাবনের কারণ। গত বছর অর্থাৎ ২০২৩ সালের ব্রুকলিনের হলিউড চলচ্চিত্র ‘ওপেনহাইমার’ পরমাণু শক্তির প্রাণঘাতী ব্যবহারের যে নাটকীয় বিবরণ দেওয়া হয়েছে তাকে কল্পবিজ্ঞান নির্ভর একটা ছবি ছাড়া কিছুই বলা যেত না, যদি ১৯৩৯ সালের অগাস্ট মাসে ওই দুই পৃষ্ঠার চিঠিটা লেখা না হতো।

ফ্রান্সলিন ডি রুজভেল্টকে লেখা চিঠিটা টাইপ করে লেখা, যার শেষে ছিল আলবার্ট আইনস্টাইনের সেই চিঠিতে লিখেছিলেন, “পারমাণবিক পদার্থবিজ্ঞানের সাংপ্রতিক গবেষণার ফলে ইউরেনিয়ামকে শক্তির নতুন ও গুরুত্বপূর্ণ উৎসে পরিণত করার সম্ভাবনা তৈরি হয়েছে।”

সেখানে আরও উল্লেখ করা হয়েছিল, এই শক্তি “অত্যন্ত শক্তিশালী বোমা তৈরির জন্য ব্যবহার করা যেতে পারে।” অধিকৃত চেকোস্লোভাকিয়ায় ইউরেনিয়াম বিক্রি বন্ধ করার জন্য জার্মানির সিদ্ধান্তে পদে প্রকাশ করা ওই চিঠি হয়ে দাঁড়িয়েছিল ২০০ কোটি বিলিয়ন ডলারের একটা শীর্ষ-গোপন গবেষণা কার্যক্রমের পিছনে মূল কারণ। ‘ম্যানহাটন প্রজেক্ট’ নামের ওই গবেষণা কার্যক্রম পারমাণবিক অস্ত্রের বিকাশের প্রতিযোগিতায় জার্মানিকে হারানোর উদ্দেশ্যে শুরু করা হয়েছিল।

পদার্থবিজ্ঞানী রবার্ট ওপেনহাইমারের নেতৃত্বাধীন তিন বছরের এই প্রকল্প, মার্কিন যুক্তরাষ্ট্রকে পারমাণবিক যুগে এগিয়ে নিয়ে যাওয়ার একটা প্রচেষ্টা ছিল। একইসঙ্গে তা ইতিহাসের সবচেয়ে তাৎপর্যপূর্ণ এবং ধ্বংসাত্মক আবিষ্কারের দিকেও নিয়ে গিয়েছিল। আবিষ্কারটা ছিল পারমাণবিক বোমার চলতি বছরের দশই সেপ্টেম্বর অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অতি সমতুল্যে একটি নিউ হওয়ার কথা নিউ ইয়র্কের ‘ক্রিস্টিস’-এ। নিলামে এই চিঠি ৪০ লক্ষ ডলারেরও বেশি মূল্য পেতে পারে বলে অনুমান করা হচ্ছে।

চিঠির দুটো সংস্করণ খসড়া করা হয়েছিল—একটা সংক্ষিপ্ত অন্যটা বিস্তারিত। সংক্ষিপ্ত সংস্করণ ‘ক্রিস্টিস’-এ নিলামে তোলা হবে। আর দ্বিতীয় যে সংস্করণটা রয়েছে সেটা হাতে করে পৌঁছে দেওয়া হয়েছিল হোয়াইট হাউসে এখন যা রয়েছে নিউ ইয়র্কের ফ্রান্সলিন ডি রুজভেল্টে লাইব্রেরির স্থায়ী সংগ্রহে।


বই এবং পাণ্ডুলিপি বিশেষজ্ঞ পিটার ক্লারনেট বিবিসিকে বলেছেন, “বিভিন্ন দিক থেকে এই চিঠি বিজ্ঞান, প্রযুক্তি এবং মানবতার ইতিহাসে একটা উল্লেখযোগ্য পরিবর্তনের মূল বিন্দুকে দর্শায়।”

“এই প্রথমবার মার্কিন সরকার কোনও বড় বৈজ্ঞানিক গবেষণায়

# রুজভেল্টকে লেখা যে চিঠিকে ‘জীবনের সবচেয়ে বড় ভুল’ বলেছিলেন আইনস্টাইন



সাবেক মার্কিন প্রেসিডেন্ট ফ্রান্সলিন ডি রুজভেল্টকে একটা চিঠি লিখেছিলেন আলবার্ট আইনস্টাইন। সালটা ছিল ১৯৩৯। সে বছরের অগাস্ট মাসে লেখা তার সেই চিঠির ‘পরিণাম স্বরূপ’ দেখা গিয়েছিল ‘ম্যানহাটন প্রজেক্ট’ যা ইতিহাসের সবচেয়ে তাৎপর্যপূর্ণ কিন্তু ধ্বংসাত্মক উদ্ভাবনের কারণ। লিখেছেন ডেবোরা নিকোলস-লি।



সরাসরিভাবে অর্থায়ন করেছিল।” সিনিয়র বিশেষজ্ঞ পিটার ক্লারনেটের কথায়, “এই চিঠিটা কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রের সামনে প্রযুক্তিগত পরিবর্তনের সম্পূর্ণ সুবিধা দেওয়ার দরজা খুলে দিয়েছিল।”

সোয়ানসি বিশ্ববিদ্যালয়ের রাডনোভি, বর্নন ও ইন্টারন্যাশনাল রিলেশন্স বিভাগের প্রোগ্রাম ডিরেক্টর এবং আমেরিকান ও নিউক্লিয়ার ইন্সটির প্রভাষক ও গবেষক ড. ব্রায়ান উইলকিন্সও এই বিষয়ে সহমত পোষণ করেন। তিনি বিবিসিকে বলেছেন, “বোমার উৎপত্তি সম্পর্কে বেশিরভাগ ঐতিহাসিক বিবরণই কিন্তু এই চিঠির সম্পর্কে আলোচনার মাধ্যমে শুরু হয়।”

“প্রেসিডেন্ট রুজভেল্টের সরাসরি পদক্ষেপ আদায় করে নেওয়ার ক্ষেত্রে মূল চাবিকাঠি ছিল এই চিঠি।”

তিনি বলেছেন, “এমনকি নিউক্লিয়ার হেরিটেজ ফাউন্ডেশনের পক্ষ থেকে এই চিঠিকে... রুজভেল্টকে পারমাণবিক গবেষণার জন্য চাপ দেওয়ার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসাবে বর্ণনা করা হয়েছে।”

ম্যানহাটন প্রকল্পের উপর ভিত্তি করে তৈরি অস্ত্রের বিজয়ী চলচ্চিত্র ‘ওপেনহাইমার’-এ আলবার্ট আইনস্টাইনের নাম চিঠির উল্লেখ ছিল। ওই ছায়াছবিতে ওপেনহাইমার এবং পদার্থবিদ আর্নেস্ট লরেন্সের মধ্যে কথোপকথনের এক দৃশ্যে চিঠির উল্লেখ এসেছে।

এই সমস্ত কারণে চিঠির নিলামকে ঘিরে বাড়তি আগ্রহ থাকবে বলেও অনুমান করা হচ্ছে।

মি. ক্লারনেটের কথায়, “এটা (আলবার্ট আইনস্টাইনের লেখা চিঠি) কিন্তু ১৯৪৫ সাল থেকেই

গণসংস্কৃতির একটা অংশ ছিল। তাই ইতোমধ্যে এর একটা নিজস্ব জায়গা আছে যা মজবুত। তবে আমি মনে করি নতুন প্রজন্মের কাছে একে (চিঠিকে) নিয়ে এসেছে ওপেনহাইমার চলচ্চিত্র।”

গণসংস্কৃতিতে আলবার্ট আইনস্টাইনকে একটা “কাল্পনিক চরিত্র” হিসাবে বর্ণনা দিয়েছেন পিটার ক্লারনেট। ওপেনহাইমারে অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ ভাবে তাকে (আইনস্টাইনকে)- অনেকটা চলচ্চিত্রের পরিধিতে লুকিয়ে থাকা একটা ক্যামিও চরিত্রের ভূমিকায়, যাকে দেখার জন্য আমরা অধীর আগ্রহে অপেক্ষা করি। এবং তার পরিচয় ঠিক তখনই প্রকাশ পায় যখন তার টুপি উড়ে গিয়ে সাদা চুলের দেখা মেলে।

মি. ক্লারনেট বলেছেন, “যদিও আইনস্টাইনের ‘ই-এমসি স্কোয়ার’ (E = mc<sup>2</sup>) সমীকরণ পারমাণবিক বিক্রিয়ায় নির্গত শক্তিকে ব্যাখ্যা আর তার অশুভ প্রয়োগের পথ প্রশস্ত করেছিল, তা সত্ত্বেও পারমাণবিক বোমা তৈরিতে এই বিজ্ঞানীর ভূমিকা ওই চলচ্চিত্রে অতিরঞ্জিত করা হয়েছে। বিশেষত শেষ দৃশ্যে যেখানে ওপেনহাইমার এবং আইনস্টাইনের মধ্যে মর্মস্পর্শী বাক্য বিনিময় দেখা যায়।”

বিষয়টা বিশদে ব্যাখ্যা করেছেন তিনি। তার কথায়, “আইনস্টাইন, যার বামপন্থী দৃষ্টিভঙ্গি এবং জার্মান ঐতিহ্য তাকে সন্দেহের চোখে ঘিরে রেখেছিল তার কাছে এর জন্য নিরাপত্তাজনিত ছাড়পত্র ছিল না।”

বাইরে এই প্রকল্প মার্কিন নৈতিক দূরে সরিয়ে রেখেছিলেন তিনি এবং সবসময় এই বিষয়ে জোর দিয়েছিলেন যে পারমাণবিক শক্তি নিঃসরণের ক্ষেত্রে তার ভূমিকা ‘বেশ পরোক্ষ’ ছিল।

যদি কেউ এক্ষেত্রে উস্কানি দিয়ে থাকেন তাহলে তিনি আর কেউ

নয়, আইনস্টাইনের প্রাক্তন ছাত্র লিও জিলার্ড।

জিলার্ড চিঠিটা দেখানো লিও জিলার্ডের পোস্টালে লেখা নোট “আসলটা পাঠানো হয়নি!”-র উল্লেখ ছিল, তা তারই হেফাজতে রাখা ছিল মৃত্যুর আগে পর্যন্ত। ১৯৬৪ সালে মৃত্যু হয়েছিল লিও জিলার্ডের।

জার্মান বংশোদ্ভূত আইনস্টাইন নোবেল পুরস্কার জেতার পর আইনস্টাইন “আধুনিক বিজ্ঞানের মূর্ত প্রতীক” হয়ে ওঠেন।

“ওর (আইনস্টাইনের) এমন একটা প্রভাব রয়েছে যা অন্য কারও মধ্যে দেখা যায় না। স্পষ্টতই অনেক চেষ্টা করেছিলেন রুজভেল্টকে সতর্ক করার। কিন্তু হঠাৎ যদি আপনি আলবার্ট আইনস্টাইনের একটা চিঠি হাতে নিয়ে কারও দরজায় এসে উপস্থিত হন, তাহলে তার তো একটা প্রভাব থাকবেই।”

এরপর ১৯৪৫ সালের ১৬ই জুলাই নিউ মেক্সিকো মরফুমিতে বোমার ট্রোটোইট “দ্য গ্যাটলো”-এর সফল প্রয়োগ দেখেছিলেন হাতে গোনা কয়েকজন যাদের নিরাপত্তা বিষয়ক ছাড় মিলেছিল। সুরক্ষার সমস্ত ব্যবস্থা সঙ্গে করে গালসেসে চোখ ঢেকে বোমার বিক্ষোভ দেখেছিলেন তারা।

এই পরীক্ষার সফলতা একইসঙ্গে

বয়ে এনেছিল জয়ের আনন্দ এবং আতঙ্কে। এই দিনে সাবেক মার্কিন প্রেসিডেন্ট হ্যারি এস ট্রুম্যান তার ডায়েরিতে লিখেছেন, “আমরা বিশ্বের ইতিহাসে সবচেয়ে ভয়ঙ্কর বোমা আবিষ্কার করেছি।”

বিশ্বযুদ্ধে জাপান আত্মসমর্পণ করতে রাজি ছিল না। তখন এমন ধারণা করা হচ্ছিল যে হিরোশিমা এবং নাগাসাকিতে জাপানি বন্দরে একটা ভয়ঙ্কর ও অতুলনীয় শক্তি দিয়ে আক্রমণ করলে দ্রুত যুদ্ধের ইতি হত।

তবে মি. জিলার্ড ওই বোমা পরীক্ষা করার একদিন পরে কোনও কড়া পদক্ষেপ নেওয়ার আগে জাপানকে আত্মসমর্পণের জন্য আতঙ্কিত জানানোর সুপারিশ করে পিটিশন দিয়েছিলেন। কিন্তু এই পিটিশন সময়মতো কর্তৃপক্ষের কাছে পৌঁছায়নি।

এরপর হয়ই অগাস্ট হিরোশিমা ‘লিটল বয়’ নামের একটা বোমা ফেলা হয়। নয়ই অগাস্ট নাগাসাকিতে ‘ফ্যাট ম্যান’-এর বিক্ষোভ ঘটতে। আনুমানিক ২ লক্ষ মানুষ নিহত বা জখম হন।

এই তেজস্ক্রিয়তার পার্শ্ব প্রতিক্রিয়া চলেছে তারও বেশ কয়েক বছর পর পর্যন্ত। যার ফলে মৃত্যু হয়েছে বহু মানুষের। এখনও পর্যন্ত পারমাণবিক অস্ত্র সরাসরি ব্যবহার করার এটাই একমাত্র উদাহরণ। এখন আইনস্টাইনের চিঠি ছাড়া ম্যানহাটন প্রজেক্টের অস্তিত্ব আদৌ থাকত কি না সেটা বলা মুশকিল।

এ বিষয়ে কথা বলতে গিয়ে ড. উইলকিন্স উল্লেখ করেছেন যে ব্রিটেন কিন্তু ততদিনে “মার্কিন যুক্তরাষ্ট্রকে বৃহত্তর গবেষণার ক্ষেত্রে সমর্থন দেওয়ার জন্য ভীষণভাবে চেষ্টা করছিল।”

ব্রিটিশ নেতৃত্বাধীন এমএইউডি রিপোর্ট (১৯৪১)-এর প্রসঙ্গও টেনে এনেছেন তিনি। পারমাণবিক

অস্ত্রের সম্ভাবনার ক্ষেত্রে এই রিপোর্টকে “আমেরিকান গবেষণা বিকাশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ” বলেও বর্ণনা করেছেন তিনি।

তবুও আইনস্টাইনের চিঠি শুধুমাত্র এই প্রক্রিয়াকে শুধুমাত্র ত্বরান্বিত করতে পারে বলে মনে করেন তিনি। গবেষক উইলকিন্স বলেছেন, “এটা (চিঠি) না থাকলে হয়তো বিলম্ব হতো।”

“১৯৪৫ সালের গ্রীষ্মের মধ্যে ব্যবহারের জন্য ওই বোমা তৈরি হতো না।”

তার ভূমিকার জন্য যে সহিংসতা ও বিশৃঙ্খলা ছড়িয়ে পড়েছিল সে নিয়ে ভীষণভাবে দুঃখ প্রকাশ করেছিলেন আইনস্টাইন।

১৯৪৬ সালে পরমাণু বিজ্ঞানীদের জরুরি কমিটির সহপ্রতিষ্ঠাতা ছিলেন তিনি।

এই কমিটির উদ্দেশ্য পারমাণবিক যুদ্ধের বিপদ সম্পর্কে প্রচার করা এবং বিশ্ব শান্তির কথা বলা।

১৯৪৭ সালে নিউজহাউস ম্যাগাজিন-এ প্রকাশিত “আইনস্টাইন, দ্য ম্যান হু স্টার্ট ইট অল” শিরোনামের নিবন্ধে তিনি বলেছিলেন, “যদি আমি জানতাম যে জার্মানরা পারমাণবিক বোমা তৈরিতে সফল হবেন না, তাহলে আমি বোমার বিষয়ে কিছুই করতাম না।”

প্রসঙ্গত, প্রযুক্তিগত জ্ঞান থাকা সত্ত্বেও আজও জার্মানি পরমাণু অস্ত্রের অধিকারী নয়।

আইনস্টাইন তার বাকি জীবন পারমাণবিক নিরস্ত্রীকরণের প্রচারের জন্য উৎসর্গ করে দেন।

নোবেল পুরস্কারপ্রাপ্ত রসায়নবিদ লিনাস পলিং-এর সঙ্গে ১৯৫৪ সালে কথোপকথনের সময় তিনি রুজভেল্টকে লেখা চিঠিকে “আমার জীবনের একটা বড় ভুল” বলে বর্ণনা করেন।

পারমাণবিক বোমা যুদ্ধের দূরপ্রসারকে আমূলভাবে বদলে দেয়। পূর্ব-পশ্চিমের অস্ত্র প্রতিযোগিতার জন্ম দেয় যা আন্তর্জাতিক সম্পর্কে প্রভাবিত করে।

নয়টি দেশ এখন পরমাণু হাতিয়ারের অধিকারী, যা ওই চিঠির সঙ্গে সম্পর্কিত বলে মনে করা হয়।

মি. ক্লারনেট বলেছেন, “আজও এটা খুবই প্রাসঙ্গিক বিষয়। এটা এখন একটা ছায়া বা মানচিত্র উপর তার প্রভাব ফেলে।”

“এই চিঠি মনে করিয়ে দেয় আমাদের আধুনিক পৃথিবী কোথা থেকে বর্তমান জায়গায় এসেছে আর কীভাবেই বা এটা সম্ভব হয়েছে।”


১৯৫৫ দার্শনিক ব্রাউন্ড রাসেলের উদ্যোগে একই আইনস্টাইনের অনুমোদনে একটা সংকল্প গ্রহণ করা হয়। মৃত্যুর ঠিক এক সপ্তাহ আগে পারমাণবিক যুদ্ধের বিরুদ্ধে নেওয়া হয়েছিল এই ‘রাসেল-আইনস্টাইন ইশতহার’, যার ছত্রে ছত্রে ছিল আবেগের কথা।

সেখানে লেখা হয়েছিল, “আমরা মানুষ হিসাবে মনুষ্যের কাছে আবেদন করি, ... “নিজের মনুষ্যত্বের কথা মনে রেখে, বাঁকটা ভুলে যাবেন। যদি আপনি তা করেন তবে একটা নতুন স্বর্ণের পথ খোলা থাকবে, যদি তা না পারেন, তবে সামনে রয়েছে সর্বজনীন মৃত্যুর ঝুঁকি।”

## হাসান ফেরদৌস

# মার্কিন নির্বাচন ২০২৪: দিশাহারা হয়ে পড়েছেন ট্রাম্প

দুই মাস আগেও নিজের বিজয় সম্পর্কে নিশ্চিত ছিলেন ডোনাল্ড ট্রাম্প। এটাই নিশ্চিত ছিলেন যে তিনি ভূমিধস বিজয়ের কথা বলা শুরু করেছিলেন। সেটা অবশ্য নির্বাচন থেকে জো বাইডেনের সরে যাওয়ার আগের কথা। কমলা হ্যারিস ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে বাইডেনের স্থলাভিষিক্ত হওয়ার পর থেকে অবস্থা বদলে গেছে। তিনি শুধু ট্রাম্পের সঙ্গে আগের ব্যবধান কমিয়ে এনেছেন তা-ই নয়, বেশির ভাগ জনমত জরিপে এগিয়ে গেছেন। বিষয়টা ট্রাম্প কিছুতেই মেনে নিতে পারছেন না। কীভাবে কমলাকে ঠেকাবেন, তা ঠাণ্ডা করতে না পারায় তিনি এখন কিছুটা উদ্ভ্রান্তের মতো আচরণ শুরু করেছেন। জনমতের কথাটাই আগে বলি। রয়টার্সের সর্বশেষ জাতীয় জনমত জরিপ অনুসারে, সারা দেশে ট্রাম্পের চেয়ে কমলা হ্যারিস চার পয়েন্টে এগিয়ে (৪৫ : ৪১ শতাংশ)। গুরুত্বপূর্ণ বিবেচিত বিজনে ‘ন্যাশনাল গ্রাউন্ড’ অঙ্গরাজ্যেও আগের ঘটতি কমিয়ে ট্রাম্পকে ছাড়িয়ে গেছেন কমলা। ট্রাম্পের সমর্থক হিসেবে পরিচিত ফস্ক নিউজ সর্বশেষ জরিপের যে ফল প্রকাশ করেছে, সেখানেও ‘সান কেট’ হিসেবে পরিচিত চারটি



কোনো কারণ ছাড়াই নিজের জনসভার সঙ্গে তুলনা টেনে ট্রাম্প বলেছেন, তাঁর সভায় এত লোক হয় যে আমেরিকার ইতিহাসে আগে কখনো হয়নি। ২০১৭ সালে তাঁর অভিযুক্ত এত লোক হয়েছিল, যা ১৯৬৩ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের ‘মার্চ অন ওয়াশিংটনকে’ ছাড়িয়ে যায়। বলা ভালো, মার্কিন যুক্তরাষ্ট্র

কিংয়ের সেই ঐতিহাসিক সভায় আড়াই লাখের বেশি জনতার উপস্থিতি ছিল। অন্যদিকে সরকারি হিসেবে, ট্রাম্পের অভিযুক্ত এসেছিলেন বড়জোর হাজার কুড়ি মানুষ।

এসব কথাবার্তা শুনে ট্রাম্পের মানসিক ভারসাম্য নিয়ে প্রশ্ন উঠেছে। সম্প্রতি তিনি দাবি

তাঁর মার-আ-লাগো বাসভবনে যে সংবাদ সম্মেলনে ট্রাম্প এই গল্প করেন, সেখানে তিনি সব মিলিয়ে ১৬২ টি মিথ্যা কথা বলেন। ওয়াশিংটন পোস্ট গত চার বছরে ট্রাম্পের বলা মিথ্যার যে হিসাব রেখেছে, তাতে অবশ্য মোট সংখ্যাটা ইতিমধ্যে ৩০ হাজার ছাড়িয়ে গেছে।

গত সপ্তাহে ট্রাম্পের বিরুদ্ধে ৬ জানুয়ারির দাঙ্গা ও মার-আ-লাগোতে সরকারি নথি নষদ্বয় করার অভিযোগে নতুন করে মামলা টুকেছেন বিশেষ কৌশলি জ্যাক স্মিথ। এতে ট্রাম্প এটাই ক্ষিপ্ত হন যে নিজের মালিকানাধীন ‘ট্রুথ সোশ্যাল’ ওয়েবসাইটে তিনি মধ্যরাত্রে আত্মত্যাগ ২৭টি বার্তা পোস্ট করেন। তাতে তিনি জ্যাক স্মিথের শ্রদ্ধা করার পাশাপাশি বাইডেনের বিচার বিভাগকে তাঁর বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রের অভিযোগ তোলেন।

বাইডেন তাঁকে হত্যার ষড়যন্ত্র করছেন বলেও অভিযোগ করেন ট্রাম্প। এ কথার জন্য লোকটা আসলে মানসিক রোগে ভুগছে। পাবলিক রেডিও এনপিআর জানিয়েছে, ফ্লোরিডায়

জিজ্ঞেস করা হলে তাঁর হাসতে হাসতে দম বন্ধ হওয়ার জোগাড়। ‘ও একটা আন্ত মিথ্যুক’, বলেছেন ব্রাউন।

ওই কথা উল্লেখ করে লস অ্যাঞ্জেলেস টাইমস লিখেছে, স্যোকেটা আসলে মানসিক রোগে ভুগছে। পাবলিক রেডিও এনপিআর জানিয়েছে, ফ্লোরিডায়

করা হয়েছে কোলা ও হিলারি ক্লিনটনের মধ্যে মনো সম্পর্ক রয়েছে। এর আগে আরেক পোস্টে তিনি কমলা ও উইলি ব্রাউন সম্পর্কে একই রকম কদর্য মন্তব্য করেছিলেন।

ব্যাপারটা যে স্বাভাবিক নয়, তা সাংবাদিকদের নজর এড়ায়নি। ট্রাম্পের উপদেষ্টা ডেভিড আরবার সিএনএনকে জানিয়েছেন, তিনি ট্রাম্পকে অনেকবার বলেছেন এসব আভাসের কথা বদলে তাঁর উচিত হবে অভিবাসন ও অর্থনীতির মতো জরুরি বিষয় নিয়ে কথা বলা।

এখন সেটাই দরকার। কিন্তু তাঁর কথায় কোনো কাজ হয়নি। কমলা হ্যারিস ও তাঁর প্রচার শিবির ব্যাপারটা বেশ উপভোগ করছে বলেই মনে হয়। কৃষকরা এই নারীর বিরুদ্ধে ট্রাম্প যত নোংরা কথা বলবেন, নারী ভোটারদের মধ্যে তাঁর সমর্থন তত কমবে।

কিছুদিন আগে ট্রাম্প কমলার গাভরপ নিয়ে বিদ্রূপ করেছিলেন। ‘ওকে তো আমি ভারতীয় জানতাম, এখন দেখি হঠাৎ তিনি কৃষকরা’, ট্রাম্পের এই অভিযোগ মিথ্যা। কমলা বারবারই নিজেকে একই সঙ্গে কালো ও দক্ষিণ এশীয় পুরোনো রাজনৈতিক খেলা। এ প্রশ্ন সপ্তাহে সিএনএনের সঙ্গে এক সাক্ষাৎকারে এ নিয়ে প্রশ্ন করা হলে মৃদু হেসে কমলা বলেন, ‘এসবই পুরোনো রাজনৈতিক খেলা। এ প্রশ্ন বাদ দিন, অন্য কথা বলুন’

সৌ: প্র: আ:



**প্রথম নজর**

# নারী-পুরুষদের স্বনির্ভর করতে প্রশিক্ষণ শিবির



নাজম সাহাদাত ● কালিয়াচক  
**আপনজন:** নারী-পুরুষের বেকারত্ব দূর করতে এবং স্বনির্ভর হবার জন্য মহিলাদের টেলারিং ও পুরুষদের যারেলু বিদ্যুৎ সেবার ট্রেনিং চলছে মানিকচকরের ভারতীয় স্টেট ব্যাঙ্ক গ্রামীণ স্বরেজাগার প্রশিক্ষণ সংস্থায়। বর্তমান সময়ে বহু পুরুষ উচ্চ শিক্ষা ও ডিগ্রী অর্জন করার পরেও চাকরির বেহাল দশার ফলে ধুকছে যুব সমাজ। একসময় সমাজে প্রচলিত ছিল পুরুষরাই পরিবারের দায়িত্বভার সামলাবে আর মহিলারা সংসারের যাবতীয় কাজ। কিন্তু আগে কার সময় থেকে বদলেছে এখনকার সময় আর দ্রুতগতিতে বাড়ছে বড়ো বড়ো শিক্ষা প্রতিষ্ঠান এবং উচ্চ শিক্ষায় পড়াশোনা করে মহিলারা নানা পরিকায় সফলতার শিখরে পৌঁছে যাচ্ছে। তবে যারা পৌঁছাতে পারছে না তাদের স্বরেজাগারের ব্যবস্থা করতে ভারতীয় স্টেট ব্যাঙ্ক গ্রামীণ স্বরেজাগার প্রশিক্ষণ সংস্থা

দিচ্ছে বিভিন্ন সুযোগ সুবিধা। মালদহের মানিকচকের ভারতীয় স্টেট ব্যাঙ্ক গ্রামীণ স্বরেজাগার প্রশিক্ষণ সংস্থা নানান উদ্যোগের সঙ্গে মহিলাদের টেলারিং প্রশিক্ষণ ও পুরুষদের যারেলু বিদ্যুৎ সেবার ৩০ দিনের ট্রেনিংয়ের মধ্য দিয়ে পরিষ্কার ফলাফলে সার্টিফিকেট প্রদান করা হয়। সংস্থার ডিরেক্টর সুদীপ্ত সাহা জানান, আমাদের ভারতীয় স্টেট ব্যাঙ্ক গ্রামীণ স্বরেজাগার প্রশিক্ষণ সংস্থার মহিলাদের টেলারিং এর ট্রেনার শ্রাবন্তী মন্ডল ও যারেলু বিদ্যুৎ এর ট্রেনার হচ্ছেন জয় সিং যাদব ও সিনিয়ার ফ্যাকাল্টি কৌশিক বিশ্বাস সহ অন্যান্যরা সহযোগিতা করেন। এই সংস্থায় ৩৫ জনের টেলারিং ও ৩৫ জনের যারেলু বিদ্যুৎ সেবার ট্রেনিং দেওয়া হচ্ছে। এতে তাদের একটাই সুবিধা যে তারা এই ট্রেনিং নেওয়ার পর নিজেরা দোকান বা মহিলারা বাড়িতে কাপড় সেলাই করে অর্থ উপার্জন করতে পারবে।

# বদল নয় বদলা চাই, রাজনগরে হুমকি তৃণমূল বিধায়কের

সেখ রিয়াজুদ্দিন ও আজিম সেখ ● বীরভূম  
**আপনজন:** গত ২৮ শে আগস্ট মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আরজিকর এর ঘটনার প্রেক্ষিতে এবং বিজেপির বাংলা চক্রান্তের বিরুদ্ধে তিন দিনের কর্মসূচি ঘোষণা করেন। ৩০ শে আগস্ট তৃণমূল ছাত্র পরিষদের পক্ষ থেকে কলেজে কলেজে অবস্থান বিক্ষোভ। ৩১ শে আগস্ট ব্লক অফিসের সামনে তৃণমূল কংগ্রেসের অবস্থান এবং ১ লা সেপ্টেম্বর মহিলা তৃণমূল কংগ্রেসের অবস্থান বিক্ষোভ কর্মসূচির ডাক দেন রাজ্য ব্যাপী সেই মোতাবেক ১ লা সেপ্টেম্বর রবিবার রাজ্যের বিভিন্ন জেলার ন্যায় বীরভূম জেলার প্রতিটি ব্লক পর্যায়ে মহিলা তৃণমূল কংগ্রেসের অবস্থান বিক্ষোভ কর্মসূচি পালিত হয়। অনুরূপ এদিন আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে তরুনী মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুনের প্রতিবাদ করে সৌধীদের ফাঁসির দাবিতে রাজনগর ব্লক মহিলা তৃণমূল কংগ্রেসের অবস্থান বিক্ষোভ ও প্রতিবাদ মিছিল সংগঠিত হয়। রাজনগর ব্লক এলাকার পাঁচটি অঞ্চলের প্রায় দুই হাজার মহিলা তৃণমূল কর্মী এই মিছিলে অংশ নেন। উপস্থিত ছিলেন সিউডি বিধানসভা কেন্দ্রের



বিধায়ক বিকাশ রায়চৌধুরী, রাজনগর ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি সুকুমার সাধু, মহিলা সভানেত্রী চিত্রলেখা রায়, পঞ্চায়েত সমিতির সভাপতি নিবেদিতা সাহা সহ অন্যান্য তৃণমূল নেতৃত্ব। মিছিলের পর একটি পথসভা করা হয়। সেই পথসভায় সিউডি বিধানসভা কেন্দ্রের বিধায়ক বিকাশ রায়চৌধুরী বলেন, আর জি করের ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যথার্থ ব্যবস্থা নিয়েছেন এবং সৌধীদের ফাঁসির দাবিও জানানো হয়েছে। কিন্তু সিপিআইএম, কংগ্রেস আর বিজেপি এই ঘটনা নিয়ে রাজনীতি করছে। তাইই প্রতিবাদ করে বিধায়ক বিকাশ রায় চৌধুরী বিজেপিকে কটাক্ষ করে বলেন, যাদের পায়ের তলায় মাটি নেই তাদের বড় বড় কথা। আগে

আমরা বলতাম বদলা নয়-বদল চাই, কিন্তু এখন বলছি বদল নয় বদলা চাই। এরকমভাবেই বিজেপিকে হুমকি দিলেন সিউডি বিধানসভা কেন্দ্রের বিধায়ক বিকাশ রায়চৌধুরী। অনুরূপ খয়রাসোল ব্লক মহিলা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে ব্লক অফিসের সামনে অস্থায়ী মঞ্চে অবস্থান বিক্ষোভ প্রদর্শন করেন। এখানে উপস্থিত ছিলেন রাজ্য যুব তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক দেবব্রত সাহা, রাজ্য মহিলা তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদিকা অসীমা ধীর, খয়রাসোল ব্লক তৃণমূল কংগ্রেসের সভানেত্রী প্রাজ্ঞা চ্যাটার্জী, সহ-সভানেত্রী কৈনজি রাশেদ, রুনা সিং প্রমুখ নেতৃত্ব। এরূপ কর্মসূচি দুবরাজপুর, ইলামবাজার, সিউডি, সাঁইথিয়া, রামপুরহাট সহ জেলার প্রতিটি ব্লক এলাকায় হয়েছে।

# হবিবপুর ধর্ষণ কাণ্ডে নির্যাতিতার বাড়িতে মন্ত্রী সাবিনা ইয়াসমিন



দেবাশীষ পাল ● মালদা  
**আপনজন:** মালদার হবিবপুর ধর্ষণ কাণ্ডে নির্যাতিতার বাড়িতে গেলেন মন্ত্রী সাবিনা ইয়াসমিন। নির্যাতিতার পরিবার সহ নির্যাতিতার পড়াশোনা থেকে শুরু করে সব রকম সাহায্যের আশ্বাস দিলেন জলপথ ও সেচ দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন। মুখ্যমন্ত্রীর নির্দেশে নির্যাতিতার বাড়িতে আজ সকালে যান রাজ্যের উত্তরবঙ্গ উন্নয়ন জলপথ ও সেচ দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন।

এছাড়াও মন্ত্রী সাবিনা ইয়াসমিন বলেন বিজেপি এখানে নোংরা রাজনীতি করার চেষ্টা করছে। যদিও ধর্ষণ বিজেপি কর্মী হিসেবে এলাকায় পরিচিত। আমি চাই যে দোষী তার যেন কঠোরতম শাস্তি হয়। কোন রাজনৈতিক রং না দেখে আইনত ব্যবস্থা নেওয়া হোক।

**ছড়িয়ে-ছিটিয়ে**

# বালুরঘাটে পালিত পুলিশ দিবস



অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট  
**আপনজন:** বালুরঘাটে সাড়সড়ের পালিত হল পুলিশ দিবস। ডিএসপি (ট্রাফিক), বালুরঘাট থানার আইসি ও বালুরঘাট ট্রাফিক পুলিশের আইসি সহ অন্যান্য পুলিশ অফিসারদের উপস্থিতিতে 'পুলিশ ডে'-এর অনুষ্ঠানের সূচনা হয় বেলা ১১টাে। পাশাপাশি এদিন একটি র্যালি বের করা হয়। সবুজ পতাকা নেড়ে র্যালির সূচনা করেন ডিএসপি ট্রাফিক বিলল মঙ্গল সাহা, বালুরঘাট থানার আইসি শান্তিনাথ পাণ্ডা এবং বালুরঘাট সদর ট্রাফিক পুলিশের আইসি অরুণ কুমার তামা। র্যালিটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় পরিভ্রমণ করে, যেখানে অংশগ্রহণকারীরা 'সেফ ড্রাইভ সেভ লাইফ' এর বার্তা সাধারণ মানুষের মধ্যে পৌঁছে দেন। এদিন বিভিন্ন গাড়িচালকদের সচেতনতার পাঠ দেওয়া হয়। পাশাপাশি কাব্যবিবাহ রোধ, 'সেফ ড্রাইভ, সেভ লাইফ' সহ বিভিন্ন বিষয়ে সচেতনামূলক বার্তা দেয়া হয়।

# শিক্ষারত্ন পাচ্ছেন সেন্ট প্যাট্রিক্সের মাতিন

আসিফা লস্কর ● মগরাহাট  
**আপনজন:** অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া সংখ্যালঘু উদ্ভাসিত এলাকার ছেলে মেয়েদের স্কুল মুখি করিয়ে এলাকার শিক্ষার হার বাড়ানোর এলাকার স্কুলের প্রধান শিক্ষকের অবদান কম নয়। মড়াপাই সেন্ট প্যাট্রিক্স হাই স্কুলের প্রধান শিক্ষক আবদুল মাতিন মল্লিক এবারে শিক্ষারত্ন সন্মান পাচ্ছেন।



ভৌগোলিক দিক থেকে যোগাযোগ ব্যবস্থা সহ বিভিন্ন দিক থেকে অ উন্নত এলাকা মগরাহাট ১, মগরাহাট ২ এবং মন্দিরবাজার তিন ব্লকের সংযোগ স্থল মগরাহাট ১ বাং ব্লকের লক্ষ্মীকান্দুপুর পঞ্চায়েত এলাকার মড়াপাই সেন্ট প্যাট্রিক্স হাই স্কুল অবস্থিত। এলাকাটি সংখ্যালঘুউদ্ভাসিত এলাকা হিসাবে পরিচিত সেই সঙ্গে অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে এখানকার মানুষের জীবিকা চাহঅাবাদ। তিন সপ্তাহের মানুষ বসবাস করে হিন্দু, মুসলমান ও খ্রীষ্টান সপ্তাহায়ের মানুষ বাস করে সংখ্যার দিক থেকে এই এলাকায় খ্রীষ্টান সম্প্রদায় মানুষের বসবাস বেশি। যোগাযোগ ব্যবস্থা খুব একটা ভালো নয় এমন জায়গায় স্কুলের ছাত্র ছাত্রীর সংখ্যা খুব কম ছিলো একসময় ২০০৫ সালে মড়াপাই সেন্ট প্যাট্রিক্স হাই স্কুল প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেন আবদুল মাতিন মল্লিক। তিনি এবারে শিক্ষারত্ন সন্মান পাচ্ছেন। মড়াপাই সেন্ট প্যাট্রিক্স হাই স্কুলের প্রধান শিক্ষকের শিক্ষারত্ন সন্মান পাওয়ার খবর শুনে খুশি স্কুলের সহ শিক্ষক শিক্কা থেকে শুরু করে ছাত্র ছাত্রীরা এবং এলাকার বাসিন্দারা। প্রধান শিক্ষক আবদুল মাতিন মল্লিক জানান, ২০০৫ সালে এই স্কুলে প্রধান শিক্ষক পদে যোগ দেওয়ার সময় স্কুলের ছাত্র ছাত্রী সংখ্যা কম ছিল।

# শিক্ষকের অবসরে পড়ুয়াদের আর্জি, 'স্যার আমাদের ক্ষমা করে দেবেন' ইলামবাজারে কর্তব্যরত নার্সকে শ্রীলতাহানি

এম মেহেদী সানি ● বনগাঁ  
**আপনজন:** সরকারি নিয়ম অনুযায়ী শিক্ষক মহাশয় কর্মজীবন থেকে অবসর গ্রহণ করবেন, তিনি আর বিদ্যালয়ে আসবেন না, খবর পেয়ে বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন বর্তমানের পাশাপাশি প্রাক্তন পড়ুয়ারাও তাদের প্রিয় স্যারকে বিদায় জানাতে আবেগাঞ্জল হয়ে অক্ষমজল চোখে অক্ষুট স্বরে তাঁদের মুখ থেকে বেরিয়ে আসে, 'স্যার আমাদের ক্ষমা করে দেবেন, আমাদের জন্য দেয়া করবেন।' নিজেকে সামলে নিয়ে শিক্ষক মহাশয়ও তাঁর জন্য দেয়া করতে বলেন। উত্তর ২৪ পরগনা জেলার বাগদা ব্লকের গানপুকুরিয়া সিদ্দিকিয়া সিনিয়র মাদ্রাসার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মশিয়ার রহমান মল্লিকের অবসর গ্রহণের দিন এমএমটিই চিত্র দেখা গেল। রবিবার এই উপলক্ষে মাদ্রাসার সিনিয়র হলে বিশিষ্ট ব্যক্তিত্বের উপস্থিতিতে এক বিদায় সংবর্ধনা অনুষ্ঠান হয়। এ সময়ে বক্তারা তাঁর শিক্ষকতা জীবনের উজ্জ্বল অধ্যায় সম্পর্কে উজ্জ্বল প্রশংসা করেন। জানা গিয়েছে, অশিক্ষার অন্ধকার দূর করে সৃষ্টি করার আলো জ্বালাতেই অত্যন্ত সাধারণ পরিবার



থেকে উঠে এসে মশিয়ার সাহেব মাদ্রাসাটিতে চাকরিতে যোগ দেন ১৯৯২ সালে। ১ অক্টোবর সেই থেকে অত্যন্ত সুনামের সঙ্গে শিক্ষকতা করে এসেছেন। মাদ্রাসায় শিক্ষকতার পাশাপাশি তিনি গরীব, দুঃস্থ পড়ুয়াদের নিঃস্বার্থভাবে অবসর সময়ে পাঠদান-সহ, তাদের রহমান মল্লিকের অবসর গ্রহণের দিন এমএমটিই চিত্র দেখা গেল। রবিবার এই উপলক্ষে মাদ্রাসার সিনিয়র হলে বিশিষ্ট ব্যক্তিত্বের উপস্থিতিতে এক বিদায় সংবর্ধনা অনুষ্ঠান হয়। এ সময়ে বক্তারা তাঁর শিক্ষকতা জীবনের উজ্জ্বল অধ্যায় সম্পর্কে উজ্জ্বল প্রশংসা করেন। জানা গিয়েছে, অশিক্ষার অন্ধকার দূর করে সৃষ্টি করার আলো জ্বালাতেই অত্যন্ত সাধারণ পরিবার


আমীরুল ইসলাম ● বোলপুর  
**আপনজন:** আরজি করার পর বীরভূম। সরকারি হাসপাতালে কর্তব্যরত অবস্থায় নার্সের শ্রীলতাহানি। খানায় অভিযোগ দায়ের। অভিযুক্ত প্রোগ্রাম না হলে, আগামীকাল থেকেই কর্মবিহিত। বীরভূমের ইলামবাজার ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের শারীরিক অসুস্থতা নিয়ে এক যুবক চিকিৎসা করতে আসে। সঙ্গে তার পরিবারও ছিল। এমার্জেন্সি বিভাগে স্ট্রেচারে চিকিৎসার সময় মহিলা নার্সকে শ্রীলতাহানি করে বলে অভিযোগ। কর্তব্যরত নার্সের অভিযোগ, ইমার্জেন্সিতে ট্রিটমেন্ট অবস্থায় তার গায়ে হাত দিয়ে অসভ্য আচরণ করে। মুহূর্তের মধ্যে এই ঘটনা সামনে আসতেই চাঞ্চল্য ছড়িয়েছে ইলামবাজার ব্লক প্রথম



স্বাস্থ্য কেন্দ্রে। ইতিমধ্যেই ঘটনাগুলো ইলামবাজার থানার পুলিশ। গ্রেফতারও যুবক। আজ সকাল থেকে স্বাস্থ্য কেন্দ্রের নার্স থেকে শুরু করে সকল কর্মীরা একত্রিত হয়ে খানায় লিখিত অভিযোগ দায়ের করেন এবং একটি প্রতিবাদ মিছিল ইলামবাজারে পথ পরিভ্রমণ করে অভিযুক্ত শান্তির দাবিতে। পরে বীরভূমের মুখ্য স্বাস্থ্য আধিকারিক স্বাস্থ্য কেন্দ্রে নার্সদের নিয়ে একটি বৈঠক করেন। এই বৈঠক শেষে স্বাস্থ্য আধিকারিক জানান নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা হবে।

# শিক্ষক দিবসে কালো ব্যাজ পরার আহ্বান

নিজস্ব প্রতিবেদক ● কলকাতা  
**আপনজন:** আর জি কর কাণ্ডে দোষীদের কঠোরতম শাস্তি প্রদান ও অতি দ্রুত ন্যায্য বিচারের দাবিতে রাজ্যের হাইস্কুল শিক্ষক সংগঠন অল পোস্ট গ্র্যাজুয়েট টিচার্স এয়েলফেয়ার অ্যাসোসিয়েশন কালো ব্যাজ পরে শিক্ষক দিবস পালনের কর্মসূচী ঘোষণা করেছে। রাজ্যের সকল স্তরের স্কুল ও মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষিকর্মী সহ সমস্ত শুল্কভিত্তিক মানুষ শিক্ষক দিবসের দিন কালো ব্যাজ পরিধান করে শিক্ষক দিবস উদ্‌যাপনের বার্তা দেওয়া হয়েছে। আর জি কর



ঘটনায় এখানে পর্যন্ত দোষীদের শাস্তি দেওয়া না হওয়ায় শিক্ষক সমাজ উদ্বিগ্ন। তাদের পক্ষ থেকে বার্তা দেওয়া হয়েছে : ক্ষক দিবসে দিচ্ছি ডাক, আজ জি কর বিচার শুভবুদ্ধিসম্পন্ন মানুষ শিক্ষক চন্দন গরুরাই আর জি কর কাণ্ডের প্রতিবাদে এই কর্মসূচিতে সকলকে অংশগ্রহণ করতে অনুরোধ জানান।

# পানজিপারা ফাঁড়িতে পুলিশ দিবসে অনুষ্ঠান



মোহাম্মদ জাকারিয়া ● ইসলামপুর  
**আপনজন:** রবিবার ইসলামপুর পুলিশ জেলার গোয়ালপাথর থানার অন্তর্গত পানজিপারা আউট পোস্টের ও.সি. দিব্যেন্দু দাসের উদ্যোগে পুলিশ দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচিগুলির উদ্দেশ্য ছিল শুধু পুলিশকর্মীদের অবদানের প্রতি সন্মান জানানো নয়, সমাজে পুলিশের ইতিবাচক ভূমিকা তুলে ধরা। দিনের শুরু হয় একটি বর্ণাঢ্য বাইক মিছিল দিয়ে, যেখানে স্থানীয় পুলিশকর্মীদের পাশাপাশি এলাকার সাধারণ মানুষও স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। এই মিছিলের উদ্দেশ্য ছিল আইন-শৃঙ্খলা সম্পর্কিত সচেতনতা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া এবং পুলিশ ও সমাজের মধ্যে আরও ভালো যোগাযোগ স্থাপন করা। বাইক মিছিলটি পানজিপারা আউট পোস্ট থেকে শুরু হয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় প্রদক্ষিণ করে শেষ হয়। এরপর একটি বুকবন্ডেপন কর্মসূচির আয়োজন করা হয়, যেখানে পুলিশকর্মী এবং স্থানীয় বাসিন্দারা মিলিতভাবে বিভিন্ন প্রজাতির গাছ লাগানো হয়। উপলক্ষে ও.সি.

# বাঁকুড়া জিলা স্কুলের ইংরেজি শিক্ষক পাচ্ছেন শিক্ষারত্ন



সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া  
**আপনজন:** 'শিক্ষারত্ন' পুরস্কার পাচ্ছেন বাঁকুড়া জিলা স্কুলের ইংরেজি শিক্ষক রক্তিম মুখার্জি। এই খবরে খুশি পড়ুয়ারাও। প্রতিটি পাঠ্য ছিনি খুব সুন্দরভাবে বোঝান বলেও ছাত্ররা জানিয়েছে। 'শিক্ষারত্ন' পেতে যাওয়া শিক্ষক রক্তিম মুখার্জী বলেন, 'আমি সতিহাি আধৃত। যাদের সাথে শিক্ষক হিসেবে বেশী যোগাযোগ সেই ছাত্র সমাজকে আগে আমি ধন্যবাদ জানাতে চাই। মানুষ গড়ার কর্মকাণ্ডে নিজেকে যুক্ত করার সুযোগ পেয়ে বাবা, মা, পরিবার সহ সহকর্মীদের প্রতি তিনি কৃতজ্ঞ বলেও জানান।

# মাওলানা মাইনুল পাচ্ছেন শিক্ষারত্ন সন্মান

জাকির সেখ ● মূর্শিদাবাদ  
**আপনজন:** ৫ ই সেপ্টেম্বর শিক্ষক দিবসের দিন পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে শিক্ষারত্ন পুরস্কার পাচ্ছেন হরিহরপাড়া হাই স্কুলের সহকারী শিক্ষক ( আরবী) মাওলানা মোঃ মাইনুল ইসলাম। তিনি শিক্ষকতার পাশাপাশি সমাজসেবার সঙ্গে যুক্ত। ছাত্রজীবনে তিনি মাদ্রাসা ছাত্র ইউনিয়নের রাজ্য সভাপতি ছিলেন। আলিয়া বিশ্ববিদ্যালয় তৈরির দাবিতে আন্দোলনও করেছিলেন তিনি। বর্তমানে অল বেঙ্গল ইমাম মুয়াহাজিন এসোসিয়েশন সংগঠনের মূর্শিদাবাদ জেলার চেয়ারম্যান এবং জেলা জমিয়তে উলামার সহ সম্পাদক পদে রয়েছেন। মূর্শিদাবাদ লোকাল লাইব্রেরী অধ্যক্ষি কমিটির সদস্য (গ্রেডুগার) ও জনশিক্ষা প্রসার পঃষঃ সরকারক পদে রয়েছেন।



কর্মী সমর্থকরা। ২০০৩ সালে নেওড়া থানার শ্যামনগর হাইস্কুলে (এইচ. এস) আরবী শিক্ষক হিসেবে যোগদান করেন তিনি। পরে হরিহরপাড়া হাই স্কুলে এইচ. এম) বদলি হয়ে আসেন। মাওলানা মোঃ মাইনুল ইসলাম হিন্দু মুসলিম দুই জাতি এক জাতীয়তাবাদ, 'শৈশবের সোনার খনি', বিশ্বের দরবারে ইসলামী অর্থ বঁটন', হৃদয়ের দাওয়া সহ প্রায় চৌদ্দটি বই লিখে মানুষের কাছে প্রশংসা কুড়িয়েছেন। এই প্রসঙ্গে মাইনুল ইসলাম বলেন, গত বুধবার শিক্ষারত্নের বিষয়ে রাজ্য সরকারের শিক্ষা দপ্তর থেকে মেল এবং ফোন মারফত জানানো হয়েছে। জেলার ডি. আই অফিস থেকেও এই বিষয়ে যোগাযোগ করা হয়েছে।

# গোবর্ডাসায় বিক্ষোভ...



**আপনজন:** আরজি কর কাণ্ডে দোষীদের দ্রুত শাস্তির দাবিতে গোবর্ডাসা শহর তৃণমূল মহিলা কংগ্রেসের নেত্রী-কর্মীরা অবস্থান বিক্ষোভ করল গোবর্ডাসায় পিকোলা মোড়ে। উপস্থিত ছিলেন গোবর্ডাসা শহর তৃণমূল মহিলা কংগ্রেসের সভানেত্রী মাননীয় বুলি দত্ত, বনগাঁ সাংগঠনিক জেলা তৃণমূল মহিলা কংগ্রেসের সহ-সভানেত্রী সঙ্গীতা কর কৃষ্ণ, রত্না চৌধুরী প্রমুখ। এই কর্মসূচিতে গোবর্ডাসা পৌরসভার পৌর প্রধান ও তৃণমূল নেতা শংকর দত্তকে উপস্থিত থাকতে দেখা যায়। ছবি ও তথ্যঃ এম মেহেদী সানি

# ইন্দাস ব্লক কমিটি ইমাম পরিষদের



আর এ মণ্ডল ● ইন্দাস  
**আপনজন:** বাঁকুড়া জেলার ইমাম ও মুয়াহাজিনদের আদি সংগঠন 'বাঁকুড়া জেলা ইমাম পরিষদ' সেই সংগঠনের উদ্যোগে ও আহ্বানে ইন্দাস ব্লকের বিভিন্ন মসজিদের ইমামগণ ১ সেপ্টেম্বর ইন্দাসের মির্জাপুর মসজিদে উপস্থিত হন। এই নির্বাচনী সভায় একজন উপদেষ্টা এবং ৯ জন কার্যকরী কমিটির সদস্য নির্বাচিত হন। ইন্দাস ব্লক ইমাম পরিষদের নব নির্বাচিত উপদেষ্টা মঃও মুহাম্মদ ইউনাস (সেনা বাহিনীর প্রাক্তন ক্যাপ্টেন ও ইমাম), সভাপতি হাজিফ সোহরাব, সম্পাদক মওলানা মঈনুদ্দিন, কোষাধ্যক্ষ মঃও আহমদ আলী, সহ সভাপতি মঃও আজিজুল ইসলাম ও হাজিফ নুরুল ইসলাম, সহ সম্পাদক মঃও জহিরউদ্দিন ও মঃও আজিজুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সম্পাদক মওলানা শরিফুল ইসলাম, জেলা কোষাধ্যক্ষ হাজী নিজামুদ্দিন।



## রাফিনিয়ার হ্যাটট্রিক, ভায়াদোলিদের জালে বার্সেলোনার ৭ গোল



**আপনজন ডেস্ক:** বার্সেলোনা ৭:০ ভায়াদোলিদ এই বার্সেলোনা দেখা যায়নি অনেক দিন। একের পর এক বল জড়াচ্ছে প্রতিপক্ষের জালে। একেকটার এক সৌন্দর্য। এদিকে গোলে গোলে তৈরি হচ্ছে নতুন রেকর্ড। আজ বার্সেলোনার অলিম্পিক স্টেডিয়ামে গোল আর রেকর্ডের এই ছড়াছড়ি দেখিয়েছে হালি ফ্লিকের দল। লা লিগার খেলা বার্সেলোনা রিয়াল ভায়াদোলিদকে বিধ্বস্ত করেছে ৭-০ গোলে। রাফিনিয়া করেছেন হ্যাটট্রিক। গোলদাতার খাতায় নাম লিখিয়েছেন রবার্ট লেভানডফস্কি, দানি ওলমো, জুলস কুন্দে আর ফেরান তোরেসও। আর গোল না করলে সহায়তা করে নতুন রেকর্ড গড়েছেন কিশোর প্রতিভা লামিনে ইয়ামাল। ভায়াদোলিদের বিপক্ষে বল ব্যবধানের জয়ের সুবাদে লা লিগা পয়েন্ট তালিকায় শীর্ষস্থান সংহত করেছে বার্সেলোনা। প্রথম চার ম্যাচ থেকে বার্সার মতো ১২ পয়েন্ট তোলায় সুযোগ নেই আর কোনও দলেরই। ম্যাচে একের পর এক গোল করা বার্সেলোনা প্রথমবার জাল খুঁজে পায় ২০তম মিনিটে। পাউ কুবাসার কাছ থেকে পাওয়া বলে গোল করে দলকে এগিয়ে দেন রাফিনিয়া। এর চার মিনিট পরই বার্সেলোনা দ্বিতীয় গোল এনে দেন লেভানডফস্কি। এই গোল বানিয়ে দেন ইয়ামাল। প্রথমার্ধের বিরতির আগমুহুর্তে রাফিনিয়ার অ্যাসিস্টে কুন্দে করেন তৃতীয় গোল।

প্রথমার্ধের মতো দ্বিতীয়ার্ধেও গোলের মুখ খুলতে খানিকটা সময় লেগেছে বার্সার। ৬৪ মিনিটে পেনাল্টি বক্সের ভেতলার ভেতর লেভানডফস্কির পাস থেকে নিজের দ্বিতীয় গোলটি করেন রাফিনিয়া। আট মিনিট পর ব্রাজিলিয়ান ফরোয়ার্ড পেয়ে যান হ্যাটট্রিকের গোলও। মাঠের প্রায় দুই-তৃতীয়াংশ দৌড়ে রাফিনিয়াকে দারুণভাবে বল বাড়িয়ে দেন ইয়ামাল। ইউরোপের শীর্ষ পাঁচ লিগে এটি রাফিনিয়ার প্রথম হ্যাটট্রিক। আর ইয়ামালের এটি লা লিগায় অষ্টম অ্যাসিস্ট। এর মাধ্যমে একটি নতুন রেকর্ড গড়েন ১৭ বছর বয়সী এই

### লা লিগা

কিশোর। লা লিগায় এখন পর্যন্ত ৪২ ম্যাচ খেলে ১৪টি গোল (৬ গোল ৮ অ্যাসিস্ট) যুক্ত থেকেছেন ইয়ামাল। একশ শতকে বয়স ১৮ বছর হওয়ার আগেই এমন কীর্তি আর করাও নেই। ইয়ামাল পেছনে ফেলেছেন বোহান কিরিকের ১৩ গোলের সংশ্লিষ্টতার রেকর্ড। ৫ গোল হয়ে যাওয়ার পর বার্সার খেলোয়াড়দের মধ্যে ততক্ষণে 'গোলের নেশা' পেয়ে বসেছে। ৮-২ মিনিটে গোলদাতার খাতায় নাম লেখান কিভুদ্দিন আগে বার্সায় নাম লেখানো ওলমো। অ্যাসিস্ট করেন বদলি নামা তোরেস। তিন মিনিট পর গোলদাতা হিসেবে উজ্জ্বলের কেন্দ্র হয়ে ওঠেন তোরেসও। রাফিনিয়ার অ্যাসিস্টে করেন নিজের প্রথম এবং দলের সপ্তম গোল। সব মিলিয়ে ম্যাচে ১১টি শট লক্ষ্যে রেখে ৭টিতে গোল আদায় করে নেয় বার্সেলোনা।

## অবশেষে মেসির মাঠে ফেরার তারিখ জানালেন মার্তিনো



**আপনজন ডেস্ক:** কোপা আমেরিকার ফাইনালে অ্যাক্সেলের চোটে পড়ে মাঠের বাইরে ছিটকে যান লিওনেল মেসি। সেই চোটের পর গত দেড় মাস মাঠের বাইরেই আছেন অর্জেস্তাইন মহাতারকা। আজ মেজর লিগ সকারে (এমএলএস) শিকাগোর বিপক্ষে ম্যাচ দিয়ে মেসির মাঠে ফেরার কথা থাকলেও শেষ পর্যন্ত তা হয়নি। এই ম্যাচ দিয়ে মেসির মাঠে না ফেরার ঘটনা ভক্ত-সমর্থকদের উল্লেখও বেশ বাড়িয়েছে। তবে শিকাগোর বিপক্ষে ৪-১ গোলের জয়ের পর মেসির ফেরার তারিখ জানিয়েছেন ইন্টার মায়ামি কোচ জেরার্দো মার্তিনো। পাশাপাশি মেসির প্রতিনিয়ত ফিটনেস ফিরে পাওয়ার কথাও জানিয়েছেন এ অর্জেস্তাইন কোচ। সাম্প্রতিক সময়ে চোটের কারণে বেশ ভুগেছেন মেসি। বিশেষ করে কাতার বিশ্বকাপের পর থেকে প্রায় নিয়মিত বিরতিতে চোটে পড়তে দেখা গেছে তাঁকে। ফুটবলবিষয়ক ওয়েবসাইট ট্রান্সফারমার্কেট বলছে, ২০২৩ সালের ফেব্রুয়ারি থেকে মেসি এখন পর্যন্ত চোটে পড়েছেন ছয়বার। তবে এবারের মতো লঘা সময়ের জন্য তাঁকে মাঠের বাইরে

থাকে হয়নি। লিগামেন্টের চোটে সব মিলিয়ে মেসি মাঠের বাইরে আছেন ৪৭ দিন। এর চেয়ে বেশি সময়ের জন্য মেসির মাঠের বাইরে থাকার দৃষ্টান্ত খুবই কম। তা ছাড়া বয়স ও ফিটনেস বিবেচনায় নিলেও মেসির এই চোট উপেক্ষা করার মতো নয়। তবে আপাতত মার্তিনোর কথা থেকেই স্বস্তি খুঁজে নিতে পারেন মেসি-ভক্তরা। তিনি জানিয়েছেন আগামী ১৪ সেপ্টেম্বর এমএলএসে ইন্টার মায়ামি-ফিলাডেলফিয়া ম্যাচ দিয়েই মাঠে ফিরতে যাচ্ছেন মেসি। অর্থাৎ ইন্টার মায়ামির পরের ম্যাচেই মাঠে দেখা যাবে মেসিকে। শিকাগোর বিপক্ষে ম্যাচ শেষে মার্তিনো বলেছেন, 'লিও খুব ভালো করছে এবং অনুশীলনে দলের সঙ্গে সময় কাটাচ্ছে। আমরা ভেবেছি যে এই ম্যাচে সে আমাদের সময় দিতে পারে, আবার এটাও ছিল যে পরের ১৫ দিনের মধ্যে বিবেচনা করাটা ভালো হতে পারে। আমরা এ বিষয়ে আলপা করছি এবং শেষ পর্যন্ত এই সিদ্ধান্তে পৌঁছেছি যে দ্বিতীয় বিকল্পটাই বেশি ভালো। ফলে আমরা এখন তাঁকে ফিলাডেলফিয়ার বিপক্ষে ম্যাচে তাঁকে খেলানোর লক্ষ্য স্থির করছি।'।

## বৃষ্টিতে পণ্ড ম্যাচ, তবুও সুপার সিক্সে মহামেডান



**মোস্তাফিজুর রহমান • নেহাট** আপনজন ডেস্ক: সমীকরণ ছিল; শেষ হয়ে জয়গা করতে গলে জিততেই হত মহামেডানকে। নতুবা তাকিয়ে থাকতে হত ইউনাইটেডের হারের দিকে। ইউনাইটেডে হারল, মহামেডান সুপার সিক্সেও জয়গা করে নিল। তবে ইউনাইটেডের দয়ায় বলবো না, বরং নিজের কৃতিত্বেই হয়তো

স্পোর্টিং। কিন্তু দ্বিতীয়ার্ধে বৃষ্টির ধাবায় ম্যাচ বেশী এগোনো সম্ভব হয়নি। ফলে ম্যাচ পরিত্যক্ত ঘোষনা করতে বাধ্য হন রেফারি। ম্যাচের বাকি অংশটি দু-একদিনের মধ্যেই অনুষ্ঠিত হবে বলে জানান আইএফএ সচিব অনিবার্ণ দত্ত। এদিকে সুপার সিক্সে নির্ধারিত হয়ে গেল ৬ টি দল। দলগুলি যথাক্রমে: ডায়মন্ড হারবার, ভবানীপুর, ইস্টবেঙ্গল, সুরকি সংঘ, মহামেডান ও কাস্টমস। অপরদিকে প্রস্তুতি ম্যাচে আবার জয় পেলে মহামেডান স্পোর্টিংয়ের আইএসএল স্কোয়াড। প্রদর্শনী ম্যাচের পর এদিন অনুশীলন ম্যাচেও কোমিকডের কালিকট ফুটবল ক্লাবকে ১-০ গোলের ব্যবধানে হারায় কলকাতার অন্যতম প্রধান। মহামেডানের হয়ে একমাত্র গোলটি করেন দলের অন্যতম নির্ভরযোগ্য ফরওয়ার্ড ছার্না। পরপর দুই ম্যাচ জিতে আইএসএলে ভালো ফলের ব্যাপারে আশাবাদী টিম ম্যানেজার দীপেন্দু বিশ্বাস। দলের খেলায় উচ্ছ্বসিত দীপেন্দু বিশ্বাস দলের খেলোয়াড়দের খেলায় যে বেশ সন্তুষ্ট, তা তাঁর ফোনের ওপারে গলা শুনেই বোঝা গেল।

## বিপিএলে করা গেইলের ছক্কার রেকর্ড ভেঙে দিলেন আয়ুশ বাদোনি



**আপনজন ডেস্ক:** বিধ্বংসী ব্যাটারের প্রমাণ আইপিএলে দিয়েছেন আয়ুশ বাদোনি। লঙ্কান সুপার জায়ান্টসের হয়ে শেষ দিকে বেশ কিছু ক্যামিও ইনিংস খেলেছেন। উইলকেটের চারপাশে চার-ছক্কা মারার দক্ষতার কারণে '৩৬০ ডিগ্রি' ব্যাটারের তরফাও জুটেছে তার নামের পাশে। সেই '৩৬০ ডিগ্রি' ব্যাটার বাদোনি এবার বিশ্বরেকর্ড গড়েছেন। স্বীকৃতি টি-টোয়েন্টি ক্রিকেট এক ইনিংসে সর্বোচ্চ ছক্কার কীর্তি গড়েছেন ভারতের উদীয়মান ব্যাটার। দিল্লি প্রিমিয়ার লিগের ম্যাচে নর্থ দিল্লি স্ট্রাইকারের বিপক্ষে ১৯ ছক্কা হাঁকিয়ে রেকর্ডটা নিজের

ইনিংস খেলেছেন সুপারস্টারজের অধিনায়ক। বাদোনির ৮ চার ও ১৯ ছক্কার ইনিংসটি সংক্ষিপ্ত সংস্করণের ইতিহাসে তৃতীয় চতুর্থ ব্যক্তিগত ইনিংস। শুধু বাদোনি রেকর্ড গড়েননি, তার সতীর্থ প্রিয়াশ আর্বাও করেছেন। ৫০ বলে ১২০ রানের ইনিংস খেলার পথে এক ওভারে ছয় ছক্কা মেরেছেন আর্বা। ১২তম ওভারে বাঁহাতি স্পিনার মনন ভরদ্বাজের ছয় বলেতে লং অন আর্বা লং অফ দিয়ে ছক্কা মেরে এই কীর্তি গড়েছেন বাঁহাতি ব্যাটার। সপ্তম ব্যাটার হিসেবে টি-টোয়েন্টিতে এই রেকর্ড গড়েছেন তিনি। দ্বিতীয় উইকেটে ২৮৬ রানের জুটি গড়েন আর্বা-বাদোনি। স্বীকৃত টি-টোয়েন্টিতে যে কোনো জুটিতে যা সর্বোচ্চ। আগের বিশ্বরেকর্ডটি ছিল জাপানের লাচালান ইয়ামামোতো-লেক ও কেনদেল কানোওয়াকি-ফ্রেমিয়ের। চীনের বিপক্ষে ২৫৮ রান করেছিলেন তারা। বাদোনি-আর্বার জোড়া সেঞ্চুরিতে ৫ উইকেটে ৩০৮ রান করে সুপারস্টারজ। যা ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ। আগের সর্বোচ্চ ছিল মালয়েশিয়ার ৩ উইকেটে ৩১৪ রান। রান তড়া করতে নেমে ৮ উইকেটে ১৯৬ রান করে নর্থ দিল্লি।

## সোনারপুরে ক্যারাটে প্রতিযোগিতায় পদক জয়ীদের সংবর্ধনা ও পরীক্ষার্থীদের বেল্ট প্রদান



**সাদাম হোসেন মিলে • সোনারপুর** আপনজন: দক্ষিণ চব্বিশ পরগনা জেলার সোনারপুরের তিহুরীয়া প্রাথমিক বিদ্যালয়ের হল ঘরে ক্যারাটে প্রতিযোগিতায় পদক জয়ীদের সংবর্ধনা ও পরীক্ষার্থীদের বেল্ট প্রদান করা হল। সংবর্ধনা ও বেল্ট প্রদান অনুষ্ঠান টি হয় ১ সেপ্টেম্বর ২০২৪ রবিবার দুপুর থেকে বিকাল পর্যন্ত এদিনের কর্মসূচির আয়োজন করে 'সিশাঙ্কাই বেস্ট অব বেস্ট মার্শাল আর্ট একাডেমি'। এদিনের অনুষ্ঠানে সংবর্ধিত হন 'অল ইন্ডিয়া সিসেঙ্কাই সিত রিও ক্যারেটে ডু ফেডারেশন'। আয়োজিত কলকাতার নেতা জি ইনডোর স্টেডিয়ামে জুলাই মাসে অনুষ্ঠিত 'অষ্টম আন্তর্জাতিক ক্যারাটে চ্যাম্পিয়নশিপ ২০২৪ এবং 'ইন্ডিয়ান চ্যালেঞ্জার কাপ ২০২৪' প্রতিযোগিতায় পদক জয়ীরা। অনুষ্ঠানে সংবর্ধিত হন মোট ৩৫ জন। এদের স্বর্ণ পদক জয়ী ১০ জন। রৌপ্য পদক জয়ী ১১ জন। ১৪ জন ব্রোঞ্জ পদক জয়ী। সংবর্ধনা অনুষ্ঠানের পাশাপাশি এদিন পরীক্ষা নেওয়া হয়

শিক্ষার্থীদের। পরীক্ষায় অংশ গ্রহণকারীদের মধ্যে প্রায় ১০০ জন বেল্ট প্রাপ্ত হন। এদিন পরীক্ষা গ্রহণ করেন এবং মুখ্য পরীক্ষক শিহান শুভঙ্কর দাস, সহযোগী পরীক্ষক শোনি গৌবিন্দ গায়ের, শোনি মিশু প্রশান ও সুমন গায়ের। উপস্থিত ছিলেন সহ প্রশিক্ষক সৌমিত্র রায় চৌধুরী, রাজকুমার মন্ডল, অঙ্কনা মন্ডল ও অনুশ্রী দাস। এছাড়া উপস্থিত ছিলেন তিহুরীয়া মিলন সংঘের সম্পাদক শান্তি গোপাল মন্ডল। 'সিশাঙ্কাই বেস্ট অব বেস্ট মার্শাল আর্ট একাডেমি'-র সভাপতি তথা প্রধান প্রশিক্ষক নিতাই মন্ডল বলেন, এবছরে তুলনায় পরের বছর আমাদের একাডেমির ছাত্রছাত্রীরা আরও বেশি সংখ্যক পদক পাবে বলে আমরা আশাবাদী। তিনি বলেন এতো সংখ্যক পদক জয়ি আমাদের গুরুজি তথা 'অল ইন্ডিয়া সিসেঙ্কাই সিত রিও ডু ফেডারেশন'-এর প্রধান হানসি প্রেমজিৎ সেনের সহযোগিতা ছাড়া সম্ভব হতো না। সেজন্য আমি তাঁর প্রতি কৃতজ্ঞ।

## সিপিএল খেলে সব ধরনের ক্রিকেট থেকে বিদায় নেবেন ব্রাভো



**আপনজন ডেস্ক:** অবসর ঘোষণা করলেন ক্যারিবীয় অলরাউন্ডার ডোয়াইন ব্রাভো। ক্যারিবীয়ান প্রিমিয়ার লিগ (সিপিএল) চলতি আসরে ট্রিনবাগো নাইট রাইডার্সের হয়ে খেলে পাকাপাকি ভাবে ক্রিকেটকে বিদায় জানানবেন তিনি। গতকাল আনুষ্ঠানিকভাবে এই বিদায়ের কথা জানানলেন ক্যারিবীয়ান কিংবদন্তি। ২০২১ সালে সর্বশেষ জাতীয় দলের জার্সিতে খেলা ব্রাভো ২০২২ সাল পর্যন্ত আইপিএল

খেলেছেন। ২০২৩ সাল থেকে চেমাইয়ের বোলিং কোচের দায়িত্ব সামলাচ্ছেন। তবে আইপিএল থেকে অবসর নিলেও বিভিন্ন দেশে টি-টোয়েন্টি ফ্র্যাঞ্চাইজি লিগে খেলছিলেন ব্রাভো। এ বছর খেলেছেন টেক্সাস সুপার কিংসের হয়ে। সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজের সিন্ধাঙ্ক জানান ব্রাভো। তিনি লিখেছেন, 'একটা দুর্দান্ত যাত্রা শেষ করতে চলেছি। আমার

দেশবাসীর সামনে শেষ পেশাদার প্রতিযোগিতায় খেলা। এই প্রতিযোগিতা খেলার অপেক্ষায় রয়েছে। আমাকে ঘিরেই তৈরি হয়েছিল ট্রিনবাগো নাইট রাইডার্স। সেই দলের হয়েই শেষ বার খেলব।' উল্লেখ্য, ২০১৩ থেকে ২০২০ পর্যন্ত ট্রিনবাগো নাইট রাইডার্সের হয়ে খেলেছিলেন ব্রাভো। দ্বিতীয় দফায় ২০২৩ থেকে খেলেছেন সিপিএলের এই ফ্র্যাঞ্চাইজির হয়ে। এখনো পর্যন্ত সিপিএলে ১০৩টি ম্যাচ খেলেছেন ৪০ বছরের অলরাউন্ডার। করেছেন ১১৫৫ রান। ১২৮টি উইকেটও রয়েছে তার কুলিতে। ওয়েস্ট ইন্ডিজের হয়ে ৪০টি টেস্ট, ১৬৪টি ওয়ানডে এবং ৯১টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন ব্রাভো। ২০২১ সালে শেখবার টি-টোয়েন্টিতে জাতীয় দলের জার্সি গায়ে মাঠে নেমেছিলেন। দেশের হয়ে ২০১২ এবং ২০১৬ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতেছেন।

## কুমির আতঙ্কের মধ্যেই ভাগীরথী নদীতে ৮১ কিলোমিটার সাঁতার প্রতিযোগিতা হল

**নিজস্ব প্রতিনিধি • মুর্শিদাবাদ** আপনজন: কুমির আতঙ্ক নিয়েই রবিবার সকালে মুর্শিদাবাদ জেলায় শুরু হল ভাগীরথী নদী বক্ষে বিশ্বের দীর্ঘতম ৮১ কিলোমিটার সাঁতার প্রতিযোগিতা। রবিবার সকালে আহিরণ ঘাট থেকে এই প্রতিযোগিতার সূচনা করেন মুর্শিদাবাদ জেলা পরিষদের সভাপতি রুবিয়া সুলতানা এবং জরিপের তৃপমূল কংগ্রেস সাংসদ খলিলুর রহমান। বিকেলে এই প্রতিযোগিতা শেষ হয় বহরমপুর কে এন কলেজ ঘাটে। ৮১ কিলোমিটার সাঁতার প্রতিযোগিতায়



মোট ১৮ জন প্রতিযোগী অংশগ্রহণ করার কথা থাকলেও শেষ পর্যন্ত সাঁতার কাটতে জলে নেমেছেন মাত্র ৯ জন। তাদের মধ্যে আটজন পুরুষ এবং একজন মহিলা। কোনও বিদেশি প্রতিযোগী এবার ৮১ কিলোমিটার বিভাগে অংশগ্রহণ করেন নি। সাম্প্রতিক সময়ে বিশ্বের দীর্ঘতম এই সাঁতার

প্রতিযোগিতাতে অতীতে এত কম প্রতিযোগী অংশগ্রহণ করেন নি। ভাগীরথী নদী বক্ষে একটি কুমির দেখা যাওয়ার পর উদ্যোক্তাদের তরফ থেকে কোনও ঝুঁকি নেওয়া হয় নি। সাঁতারের সাথে শুরু থেকেই রয়েছে বনদফতর এবং বিপর্যয় মোকাবিলা দফতরের বিশেষ প্রশিক্ষিত বাহিনী। সাঁতার প্রতিযোগিতা পথে যাতে কুমিরের দেখা মিললে তৎক্ষণাৎ ব্যবস্থা গ্রহণ করা যায় তার জন্য ছিল বাবতীয় বন্দোবস্ত। তবে শেষসেমি নির্ভীক নেই শেষ হয়েছে সাঁতার প্রতিযোগিতা পর্ব।

## অবশেষে খামল লেভারকুসেনের যাত্রা

**আপনজন ডেস্ক:** কতবার যে গত মৌসুমে লেভারকুসেনের কথামতো ম্যাচের অস্তিম মুহূর্তের গোলে বায়ার লেভারকুসেনের জয় অথবা যোগ করা সময়ের গোলে জারি আলোনসোর দলের জু! গত মৌসুমে লেভারকুসেনের জন্য এটা যেন 'নিয়ম'-এ পরিণত হয়ে গিয়েছিল। সেই লেভারকুসেনই গতকাল হারল ম্যাচের শেষ দিকে গোল খেয়ে। ৪৫ মিনিটের মধ্যে ২-০ গোলে পিছিয়ে পড়া লাইপজিগ একটি গোল শোধ করে প্রথমার্ধের যোগ করা সময়ের সপ্তম মিনিটে। ৫৭ মিনিটে সমতায় ফেরে তারা। এরপর ৮০ মিনিটের গোলে বুন্দেসলিগার ম্যাচটিতে লেভারকুসেনকে ৩-২ ব্যবধানে হারিয়েছে তারা। দ্বিতীয়ার্ধের শেষ দিকে লাইপজিগের লাইস ওপেনদার ওই গোলে বুন্দেসলিগায় বিশ্বস্তপ্রায় হারের ততো স্মাদ পোল লেভারকুসেন। লিগে টানা ৩৫ ম্যাচ অপারাজিত থাকার পর এই হার আলোনসোর দলের। গত মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে একটি ম্যাচই হেরেছিল লেভারকুসেন। সেটি ইউরোপা লিগের ফাইনালে, আতালান্তার কাছে। আরা জর্মান বুন্দেসলিগায় তারা সর্বশেষ হেরেছিল ২০২২-২৩ মৌসুমের শেষ দিন বোখুমের কাছে-৪৬২ দিন আগে। লেভারকুসেনের কচিট আলোনসো বলেছেন, 'এটা ভালো ইঙ্গিত নয়। এটা আমাদের শোধরতে হবে এবং আরও ভালো খেলতে হবে।'



**হজ্জ ওমরাহ বিষ়ারত**

**উমর ফারুক ট্রাভেলস্**

নলপুর, সান্‌করাইল, হাওড়া

**সকলকে জানাই আসসালামু আলাইকুম**

১৭ দিনের জন্য সাধারণ প্যাকেজ **১৭ দিনের জন্য পেশাদার প্যাকেজ**

<ul style="list-style-type: none"> <li>■ মক্কা ও মদিনাতে কাছাকাছি থাকার ব্যবস্থা</li> <li>■ বুকেতে ৩ টাইম খানা (খোরাসি কুচিংসহ খানা)</li> <li>■ মক্কা ও মদিনাতে সমস্ত বিয়ারত ও ঐতিহাসিক স্থানগুলি অভিজ্ঞ গাইড হারা সমস্তর ব্যবস্থা আছে</li> <li>■ হাটই যেখানে এয়ারলাইন্স-এ হতে পারে</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>■ মক্কাতে হোটেল এর দুপুর প্রায় ৩৫০ মিটার থেকে ৪০০ মিটার</li> <li>■ বুকেতে ৩ টাইম খানা (খোরাসি কুচিংসহ খানা)</li> <li>■ মক্কা ও মদিনাতে সমস্ত বিয়ারত ও ঐতিহাসিক স্থানগুলি অভিজ গাইড হারা সমস্তর ব্যবস্থা আছে</li> <li>■ হাটই যেখানে এয়ারলাইন্স-এ হতে পারে</li> </ul>
--	---

**রুমজানের স্পেশাল অফার**  
সীমিত সময়ের জন্য বুকিং করুন

**হাদিন্দা**      **ন্যাগেজ ব্যাগ, সাইড ব্যাগ, জুতার ব্যাগ, গাইড বই, সাতদানা ভসবি, ট্রলি ব্যাগ**

যোগাযোগ	শাখা ওফিস: ৬৩০০১৬	আঞ্চলিক কার্যালয়	সেবা সেন্টার: ১০০০১৬
	৪২৪৫৬৭০১২	৭০০১৮৭৩১২	৭৯৮০১২৩৪৫

কলকাতা শাখা: হাট: ৪৩, কুচিংসহ সার্ভিস: ১০০০১৬

**শিক্ষা, সংস্কৃতি ও সমাজ কল্যাণ সংস্থা**

## নাবাবীয়া মিশন

প্রাথমিক বিভাগ থেকে উচ্চ মাধ্যমিক      **মাইনান, খানাকুল, হুগলি**

**বালক ও বালিকা আলাদা ক্যাম্পাস**

২০২৫ শিক্ষাবর্ষে পঞ্চম থেকে নবম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীরা প্রবেশিকা (M-CAT) পরীক্ষার ফর্ম দেওয়া চলছে।

ফর্ম দেওয়ার ও জমা দেওয়ার শেষ তারিখ: ১৫/০৬/২০২৪

পড়াশুনার তারিখ: ১৬/০৬/২০২৪

ফর্ম প্রাপ্তিস্থান - **মিশন অফিস**  
Email id - nababiamission786@gmail.com      **Mob. 9732381000, 9732086786**